# বাগবাজার রীডিং লাইবেরী 🕖

# তারিখ নির্দেশক শত্র

100

# পনের দিনের মধ্যে বইথানি ফেরৎ দিতে হবে।

পত্রাস্ক	প্রদানের তারিথ	গ্রহণের তারিখ	পত্ৰাক্ষ	প্রদানের তারিথ	গ্রহণের তারিথ
74	12/0/1/2	44			
	,				

পত্রাস্ক	প্রদানের তারিখ	গ্রহণের তারিথ	প্ৰান্ধ	প্রদানের তারিথ	গ্রহণে তারি
					Sample of Spanish Control of Spa
					1 T T T T T T T T T T T T T T T T T T T

# ঠকের মেলা



# ঠকের মেলা

মিনার্ভা থিয়েটারে—অভিনীত প্রথম রাতি শ্নিবার ৫ই বৈশাথ ১৩৩২ সাল।

# **ত্রীনরেশ চন্দ্র সেন গুপ্ত** এম, এ, ডি, এল্ প্রণীত।

শিশির পাবলিশিং হাউস কলেজ ষ্ট্ৰীট মাৰ্কেট্ কালকাতা

মুল্য ॥০ আনা।

প্রকাশক—
প্রীশিশিরকুমার ামত্র, বি, এ।
শিশির পাবলিশিং হাউস,
কলেজ ষ্ট্রীট মার্কেট,
কলিকাতা।

শ্রীশিশিরকুমার বস্ত্র কভূক শিশির প্রেম হইতে মুদ্রিত, ৫৯৭ং বিভদ স্বীট, কলিকাতা।



# ইকের মেলা

# নাট্যোল্লিখিত পাত্রপাত্রীগণ

# পুরুষগণ

(দবেন্দ্ৰ	•••	ক্ <b>না</b> র বিবাহ প্রয়াদী, প্রবাদী বাদালী
যোগেশ	•••	কলিকানোবাসী গৃহস্থ
স্থরেশ	•••	যোগেশের ভাতা
নবীন		প্ৰতিবেশী যুবক
র <b>েশ</b>	* . *	যোগেশের পুত্র
অম্বিকা	•••	রমেশের বন্ধু
মিঃ ডে		ধনী ভদ্ৰলোক
মিঃ গ্যাংলী	***	রমেশের ছন্ম নাম

বড় বাবু, নকড়ি কুণ্ডু, স্বারবান, চাপরাশী, ক্লপটাদ, মাণিক, খানসামা ইত্যাদি—

# স্ত্রনীগণ সরদী ··· দবেন্দ্রের স্ত্রী বিমলা ··· সেবেন্দ্রের স্ত্রী ইন্দির। ··· দবেন্দ্রের কঞা তরলা '·· ·· ইন্দিরার ছল্মনাম ভাষা

# মিনার্ভা থিয়েটার

সন্ধাধিকারী— শ্রীযুত উপেন্দ্র কুমার মিজ, বি, এ, বিজ্ নেদ্ ম্যানেজার— শ্রীরামেল্র নাথ ঘোষ বিহার্শাল মাষ্টার— শ্রীমন্নথ নাথ পাল (ইাত্বাবু) অপেরা মাষ্টার— শ্রীভূতনাথ দাস নৃত্য শিক্ষক— শ্রীসাতকড়ি পঞ্চাপাধ্যায় (কডিবাবু) বংশীবাদক— শ্রীলালবিহারি ঘোষ হারমণিয়ম বাদক—এস, সি, পাল (বিজাভূষণ) ষ্টেজ মানেজার— শ্রীপরেশ চন্দ্র বস্তু সক্ষতকার—শ্রীস্কট বিহারী মিজ স্মারক—শ্রীজ্ঞান রঞ্জন বস্তু।

# প্রথম অভিনয় রজনীর পাত্র পাত্রীগণ

দেবেন্দ্র—শ্রীকান্তিক চন্দ্র দে ষোগেশ—শ্রীকুঞ্জলাল চক্রবন্তী স্থরেশ—শ্রীসভোব্দ্র নাথ দে নবীন—শ্রীচিন্তামণি ভট্টাচার্যা রমেশ—শ্রীমন্মথ নাথ পাল (হাঁত্বাবু)

অধিকা—শ্রীস্করেক্ত নাথ রায়

মিঃ ডে—শ্রীরামকালী বন্দ্যোপাধ্যায়
বড় বাব শ্রীকুঞ্জবিহারী সেনগুপ্ত

ন'কড়ি কুণ্ড্—শ্রীউপেন্দ্র নাথ
ভট্টাচ
দরওয়ান—শ্রীনীলকণ্ঠ রায় চৌধুর্ব
চাপরাশি—শ্রীকালিদাস গোস্বামী
পানসামা—শ্রীকুমার রুফ মিত্র
সরসী—শ্রীমতী শরৎ হন্দরী
বিমলা —শ্রীমতী প্রকাশমণী
ইন্দিরা—শ্রীমতী শরীমুখী
আয়া—শ্রীমতী নবতারা—

সংযোগন্থন-কলিকাতা।

# ঠকের মেলা



#### প্রস্তাবনা

বিশ্ব জুড়িয়া জুয়াড়ীর খেলা বঞ্চক অধিরাজ তার মাঝে মাঝে স্থারের বিধান দেগাইছ বিধরাজ ফুল্ম বিধান অপক্ষপ গতি নিত্য নৃত্ন সাজ মাফুষের গড়া সকল বিচার দিবা রাতি দের লাজ বঞ্চক জাতি নিত্য ভোমারে করে যার অপনান জ্ঞানী হেলে সে যে গড়িতেছে মুখে আপনার মৃত্যুবাণ; যবে দিন আদে তুমি চাহ ছেসে সব পাপ পার লাজ আপনার জালে আপনি জড়ায়ে মরে বঞ্চকরাজ। অপক্ষপ খেলা হেরি এ ভোমার সকল পাশের মাঝ

# ইকের মেলা

# প্রথম অঙ্ক।

## প্রথম দৃশ্য।

দেবেন্দ্র। মেয়ে ত দেখলেন, কেমন ? পছন হ'ল তো ? যোগেশ। তাই তো, কি বল হে স্থরেশ ?

স্বরেশ। আজে রঙ্টা ঠিক ষেমনটি চাই তেমন নয়।

নবীন। আজে না, দে কি হয় ? মেয়ে দেখতে এদে রঙ্**টি** যদি: ঠিক যেমনটি চান, তেমনি হয়, তবে দে তো জাত যাবার কথা! —রঙ্ তেমন নয়।

ষোগেশ। থাম নবীন, তোমার বাদরাম রাখ, তুমি কি বলতে চাও মেয়ের রঙ্খুব ক্ষরদা?

দেবেজ্র। নানা, সে কেমন করে হ'বে ? বিবেচনা করে দেখুন আমারি তো মেয়ে! তবে এও বলি রঙ্ধদি ছথে আল্তা হ'বে তবে আমিই কোন দশহাজার টাকা ছাড়তে যাব ?

যোগেশ। হা-হা-হা, তা ভাষা বলেছেন বেশ—তা বেশ! হা, তা' কি দেওয়া থোষা হবে ? সেইটেই আগে শোনা যাক। দশহাজার নগদ দেবেন, তা গহনা যৌতুক তার ওপর অবিশ্রিই উপযুক্ত মতন ? দেবেন্দ্র। (স্থগত) বেটা কি শয়তান! দশহাজার টাকা অমনি নগদ করে' নিলে! (প্রকাশ্রে) আজ্ঞে—তা আর বলতে। গয়না মেয়ের ত তিন স্কুট তৈরীই আছে, তারপর গৌতুক আপনারা যা' হুকুম করবেন।

যোগেশ। তা আজকাল যেমন হ'ষেছে জানেন তো? দশজন আত্মকুটুৰ আসবে, আমার মৃথ নীচু যাতে না হয় তেমনি করে দেবেন। এই সেদিন মল্লিকদের বাড়ী মেষের বে' হ'ল, তাঁদের ওথানে থেঁজি করলেই জানতে পারবেন আজকালকার কি রেওয়াজ—

নবীন। তার মানে যংসামান্ত ! হাজার আন্টেকের ধাক।—
যোগেশ। নবীন, তুমি অর্কাচীনের মত অমনি যা তা বকো'
না—বুঝলে ? এসব স্থলে ওরকম ঠাট্টা তামাসা ভাল নয়। বিবাহ
ব্যাপার গুরুতর কাজ ! হাজার আস্টেক ! উনি অমনি আঙ্গুলের
ডগায় হিসেব বাংলিয়ে দিলেন। যতীন মল্লিক নিজে আমায় বলেছে
বার হাজার টাকা যৌতুকে লেগেছে। হাঁ, যা হ'ক সে মল্লিকদের
বাডী খোঁজ করলেই—

দেবেক্স। আজ্ঞে সে আর ব'লতে প আপনারা যা হুকুম করবেন তাই হ'বে। আমার ওই একটি মেয়ে বই ত নয়। ঈশ্বরাশীর্কাদে অনেক টাকা রোজগার করেছি, যাতে মেয়েটার একটা ভাল গতি হয় তা অবিশ্রিষ্ট করবে।।

যোগেশ। আর দেখ, মোটরখানা যা দেবে দে একটা Rolls Royce হলেই ভাল হয়। ছেলের আমার Rolls Royceএর

দথ অনেকদিন হ'ল আছে। তা' আমার যা অবস্থা, তাতে আমি তো আর তা পারি না কিনতে।

দেবেক্স। Rolls Royce ?—আমি যে একখানা Minerva কিনে ফেলেছি একরকম! আচ্ছা ছেলের যখন নেহাৎ স্থ, তা না হয়—Rolls Royceই দেব—Minerva খানা আমি নিয়ে যাব।

মোগেশ। তা'বেশ তা হলে আর কথা কি ? এখন একদিন আশীর্কাদের দিন স্থির করে সংবাদ দেবো।

দেবেন। যে আজে।

বোগেশ। আচ্ছা বেয়াই মশায়, আপনি তো থাকেন বশ্বায়। সেখানে কি করা হয় ?

দেবেন্দ্র। আজ্ঞে এখন বিশেষ কিছুই করি না। তুটো চুণীর থনি আছে, Buffalo Co. তার lease নিয়েছে, তারা বছরে দশলাথ টাকা দেয়। তাই এখন আর কিছু করি না (যোগেশ প্রভৃতির মুখব্যাদান।) তা আস্থন বেয়াই মশায় একটু মিষ্টি মুখ করে যান।

ষোগেশ। মাপ করবেন বেয়াই ম'শায়, ওটি আমার হবার যো নেই—দারুণ অম্বল—হে— উ ব্রালেন কি না। তবে রীতিরক্ষার জন্মে একটা একটা করে মিষ্টি আমাদের এথানেই এনে দিন খাই।

নবীন। (স্বগত:) মর্ আটকুড়ে মিসে, তোর অস্থল তুই নাথেরে মর্। আমার ভাগটা মারতে বদলি কি বলে বল দিকিন্? (প্রকাষ্টে) ও কথা ভনবেন না ম'শায়, আপুনি সব সিষ্টান্ত নিয়ে আসুন, মিত্ত মশায় না পারেন আমরা আছি। ^

ষোগেশ। কি নিলজ্জ বেহায়া তুমি হে নবীন, একটু জদ্রতা

শিখলে না ? অছল নয় তোমার নাই আছে, তবু ভদ্রতার থাতিরে এটা বলতে হয় তাও জান না ?

স্থারেশ। আজ্জে—এই—আমারো অম্বল-আমাকেও ওই একটা মিষ্টিই।

দেবেন্দ্র। অবিশ্বি অবিশ্বি, আপনারা যা আজ্ঞে করবেন ভাই হ'বে। (নেপথ্যের দিকে) গুগো গিন্ধী, এঁদের বড় অম্বল, এঁরা খাবেন না কিছু, একটা করে মিষ্টি পাঠিয়ে দাও।

( বি ও চাকরেরা তিনথানা প্রকাশু থালা করিয়া তিনটি ছোট বসগোল্লাও এক এক গ্লাস জল লইয়া তিনজনের সম্মৃথে রাণিয়া দিল।)

নবীন। (স্থগতঃ) ব্যদ আমার বেলায় আমি মা বলে অস্থল বনে গেল। তুই শালা বেয়াই মিলে আচ্ছা ঠকানটা ঠকালে। একটি তো রুসগোল্লা, তা এনেছেন এক এক খানা পরাতে করে— যেন সাহারার মধ্যে ওয়েসিস।

( আহারান্তে সকলে উঠিলেন এবং যথাযোগ্য সম্ভাষণ করিয়া বিদায় লইলেন)।

#### (সরদীবালার প্রবেশ)

সরসী। বলি ই্যাগা, তোমার মত্লবখানা কি শুনি ? এদের সক্ষেরক তামাসা করে বে এদের বিদেয় করে দিলে, মেয়ের বে' দেবে না ?

দেবেক্স। শোন কথা! বে' দেব না কি ? এই তো বে' ঠিক করে ফেললম।

সরসী। সে তো শুনলুম, দশহাজার নগদ, বারো হাজার টাকার যৌতুক, তিনস্থট গয়না, মটর গাড়ী—এ সব মস্করা করবার কি দরকার ছিল বল দিকিন্? দিব্যি ছেলেটা, বড় লোকের ছেলে, তার বি, এ পাশ, একটু লেগে বেঁধে চেষ্টা করলে এখানে বে'টা হয়েও যেতে পারতো।

দেবেক্স। শুধু পারতো নয়, হ'বে। যা ব'লেছি সব দেবো কোন চিন্তা ক'রো না গিন্ধী, শিকার গেঁথে তুলেছি।

সরসী। চিরদিন এমনি করে কাটালে, আজ মেয়ের বিয়ের কথাটায় এই ভাঁডামীটা না ক'রলেই হ'ত না ?

দেবেজ্র। ভাঁড়ামী! বিয়ে ঠিক করে দিলাম আবার ভাঁড়ামীকি?

সরসী। নেও ওসব ফটীনটি আর আমার কাছে করো না,
আমার শুনলে তাকার আসে।

দেবেন্দ্র। বেশী কাকার আসে তো একটু হোমিওপ্যাথিক সিনা থেয়ে শুয়ে থাকগে। মোদা সামনের সাতাশে তারিথে খেঁদীর বিয়ে, আটাশে সে শ্বশুর ঘরে যাবে, উনত্তিশে আমরা জাহাজে চড়ে বর্মায় যাত্রা ক'রবো এ আমি বলছি, এ যদি না হয় আমার নাম ফিরিয়ে রেখ।

সরদী। সে তো এর ভেতর সাতবারের কম হয় নি।
মান্ত্রাজে ছিলে ষতীন মিন্তির, বোষায়ে রামগোপাল দন্ত, জয়পুরে
গণেশ মহাদেব ইত্যাদি! আর একটা নাম বনলালে কিই বা
এমন মাবে আসবে ? এখন কোন পাওনাদার পেছনে নেই,

ছলিয়া টুলিয়া এক রকম মিটে গেছে, হাজার আষ্টেক টাকাও হাতে আছে, এই ফাঁকে মেয়ের বিষেটা দিয়ে নিতে পারলে আমি গকা সান করতুম—সব ঠিক হয়েও এসেছিল—তার মধ্যে—

দেবে**ন্ত**। আমি ব্যাপারটা অতি সহজে হাসিল করলাম— একি সহজ অপরাধ?

সরসী। পাগলের মত কি বক্ছো তুমি ?

দেবেক্স। দেখ বাড়াবাড়ি ক'রো না, আর অত কথা করে।
না। স্ত্রী-বৃদ্ধি প্রলয়করী। তুমি ঐ বৃদ্ধিটা একটু কম থরচ করো।
আপাততঃ তুমি—ভাঁড়ার থেকে কিছু সর্ষের তেল নিমে নাকে
দিয়ে পড়ে আটাশে তারিথ পর্যান্ত ঘুমোও পিয়ে, দেখ বিয়ে হয় কি
না হয়! যাও—যাও—যাও বলছি। (তাড়া করিল)

শরদী। ইদ্মরদের তেজ দেখ় মারবে ? মার না। তার চেয়ে নিজের মুখে আগুন লাগাবার চেষ্টা করলে ভাল হয়।

দেবেন্দ্র। এই সাগীই সব পণ্ড করবে দেখছি। হে ভগবান্
মেয়ে সাক্ষ্যকে তুমি নানা গুণ দিয়ে গড়েছিলে— কোন দিকেই
তাকে ভাল করতে ক্রুটী করনি—কেবল ভূল করে তাদের মুখটি
চিরে দিয়েছিলে কেন প্রভূ? তাই তো একদিকে তাঁরা স্বামীর
কষ্টের রোজগার গোগ্রাদে গেলেন, আর একদিকে সেই মন্দোদরী
সময় হ'তে—ব'কে ব'কে সব মন্ত্র ফাঁস করে স্বামীর মুগুপাত
করেন। সেয়েদের মুখটা না থাকলেই কি চলছিল না ?

# দ্বিতীয় দৃশ্য।

র্কিণীগণ

গীত

বঙ্গ আকাশে একি এ ধানি

একি **ত্মগ**রূপ ধ্বনিরে।

পুত্রের পিডা ক্রন্দন করে

नसन वश् व्यानितः ।

কণ্ঠ বিদারি ডাক ছাড়ে মাভা

পিতা করে রখা রোষ

কম্বার পিতা কদলি দেখায়

करत नारका जाश्रमांव ;

এ মহে কাহিনী এ নহে স্বপন

নির্ম্ম সভ্য বাণীরে,

সভ্য ত্ৰেভা দ্বাপর কলিতে

वक्षक ऋषु धनौरत्र।

তৃতীয় দৃশ্য।

( ষোগেশের গৃহ )

যোগেশ ও বিমলা।

বিমলা। মরি কি পছন্দ! বল্পম আমি একবার মেয়েটা দেখি, তা নয়, গেল তিনটে মিন্দে। কি বউই এনেছেন! "কেবল ফুটকুটে রঙ দেখেই ভূলে গেলে? যোগেশ। মোটেই না, আমরা স্টান বলে দিলাম রঙটা ময়লা, অমনি ঝড়াৎ করে দশ হাজার টাকা নেবে এল।

বিমলা। তাতো এল কেন্তু তাতে নাকটাও উ<sup>\*</sup>চু হ'ল না চোথও কোটর থেকে বেকল না। একটি ছেলে, তার কি বিয়েই দিলে!

ষোগেশ। দেখ গিন্নী, নাক মৃথ চোথ মৃথে মৃথে ভাল ক'রে দেওয়া যায় কিন্তু মৃথে মৃথে নকড়ি কুণ্ডুর বন্দকী তমশুক শোধ হয় না। নগদ কোপানী দশটি হাজার টাকা, সহজ নয়, এতে করে' বাড়ীটিখালাস হবে, নৈলে কুণ্ডুর পো আর বেণী দিন থামতো না। বেয়াই বেটা নেহাৎ আনাড়ী। ভেবেছে আমি মন্ত বড় লোক, তাই একেবারে তুহাত ঝেড়ে ঢেলে দিয়েছে। তা' ছাড়া মেয়েটা বাপের একমাত্র মেয়ে। জান তার কত বিষয় পূর্তি চুনির খনি তাতে বছরে বারো লক্ষ টাকা আসে—সব যে রমেশের হ'বে। সেটা ভাবছো?

বিমলা। এনা হলে পুরুষ মান্ত্য! তা' বেশ দেখি তোমার নগদ কোম্পানী দশ হাজার; দেও সিন্দুকে তলে রেথে দি।

ষোগেশ। আরে এ টাকা নয় যে চট্ করে সিন্দুকে তুলে রাখবে—এ চেক্। বর্ণার ব্যাঙ্কের ওপর চেক। ভাঙ্গাতে পাঠিয়ে দিয়েছি, বলে' দিয়েছি যে বর্ণা থেকে টেলিগ্রাফে advice এনে আজই যাতে টাকাটা দেয়। স্থবেশ গেছে, এই এলো ব'লে।

বিমলা। এই তোমার নগদ কোম্পানী ! চেকের টাকা, দেয় কি না দেয় তাই দেঞ।

যোগেশ। হাঃ হাঃ দেবে না কি ? একি তোমার আমার চেক ?

আর না হয় নাই দিল। তবু গয়না দেখেছ ? তুস্থট জ্বড়োরা, এক স্থট সোণা, খ্ব কম পোনেরো হাজার টাকার হবে, তাছাড়া আসবাব একেবারে Lazarus কোম্পানীর ছাপ মারা চক্চকে নতুন। মোটরখানা Rolls Royce হয় নি, তা তাও মা দিয়েছে, স্কভঃ সাত আট হাজার টাকা তার দাম হবে।

#### ( মুরেশের প্রবেশ )

কি রে ? থবর কি ? তোর ম্থখানা অমন কেন রে ? কি হল ?

স্থবেশ। আজে চেক্ ফিরিয়ে দিলে।

যো। ব্বি তারিথ লিখ তে ভুলেছে ? কি বল্লে ? দেখি ? ( চেকথানা হাতে লইয়া পড়িয়া মাথায় হাত দিয়া বৃদিয়া পড়িল ) গিন্ধী, তোমার কথাই ঠিক, বেটা ঠিকিয়েছে। বশ্বার ব্যাঙ্ক খবর দিয়েছে ওর কোন টাকাই নেই তাদের কাছে। স্থরেশ মোটরটা ত'য়ের ক'রতে বল, এক্স্নি যাব সে ঠক্ বেটা—জোচোর বেটার কাছে। না, না, হয়ত কোন ভুল হয়েছে, তুইই যা', বেয়াই মহাশয়কে দেখিয়ে জিগু গেদ করে আয় ব্যাপারটা কি ?

স্থরেশ। আজে আমি তাঁর কাছেই আগে গিয়েছিলুম, শুনলুম তিনি কালকেই চলে গেছেন, কোথায় গেছেন কেউ জানে না।

যো। অা্যাঃ—বেয়ান ?

হ। সব ওজ গেছেন।

ষো। খাঁ্যা, তবে উপায় ?

বিমলা। আমি আগেই জানি তুমি অমনি একটা গোলমাল করে' বসবে। আমায়—

যো। তোমার গুষ্টির মৃত্ জান! কোথার বাবে দে ঠক বেটা, জোচোর বেটা। আমি তার নামে নালিশ করবো, হুলিয়া দেব—
এ টাকা যদি আদার না করি আমি তবে—আমার নাম বোগেশ
মিত্তির নয়। স্লবেশ—

স্থরেশ। বৌদি একটু ভেতরে যান। একটা লোক আসছে। [বিমলার প্রস্থান]

(বড় বাবুর প্রবেশ)

বড় বাবু। আপনার নাম যোগেশচন্দ্র মিত ? যোগেশ। আজে হাঁ।

বড় বাবু। একটা বিল স্বাছে। কালকে সরকার এসে আপনার খোঁজ করতে পারে নি তাই সাহেব আমাকে পাঠিয়ে দিলেন। (বিল বাহির করিয়া দিল)

ষোগেশ। (বিল পজিতে পজিতে) Lazarus কোম্পানীর furniture ভাড়া? বাদ আগাম দেড়শো টাকা? মারফত দেবেন্দ্র - ও: এ সেই শয়তান, শালা, হারামজাদা, নচ্চার—

বড় বাবু। তবে রে শালা—( চপেটাঘাতের উচ্চোগ )

যোগেশ। আপনাকে নয় মশাই—আপনাকে নয়। এক বেটা পাজী শয়তান বদমায়েদ—আপনি দব ফার্নিচার নিয়ে যান, আমি ভাভা দেবো না-

বড বাবু। বলেন নিয়ে যাচ্ছি, কিন্তু এ একমাদের ভাড়ার

বিল আর ধোলাই থরচা আপনার দিতেই হ'বে। এ বিলের পাচশো পয়ষটি টাকা দিতে যথন হবেই একমাশ নাহয় ওগুলো রেথেই দিন না।

যো। না মহাশয় না, একদিনও আমি রাখবো না—এক পয়সাও দেবো না – সব ঠকামি, জোচোরী, বদমায়েনী—

বড বাব। সাবধান হ'য়ে কথা ক'য়ো বাপু।

যো। আহা হা চটেন কেন মশায়? আপনাকে কিছু বলছিনে আমার মাথার ঠিক নেই —ব্যছেন না। সেই শালা পাজীর পাঝাড়া হারামজালা আমায় ঠকিয়ে পালিয়েছে।

বড় বাবু। ভাল কাজ ক'রেছে—উৎক্কষ্ট ক'রেছে। এখন কথা হচ্ছে যে তুমি টাকাটা দেবে কি না ?

যোগেশ। কিসের টাকা ? কে দেবে ? এক পয়দা নয়।

বড়বাবু। দেবে না, তোমার ঘাড় দেবে—দিতেই হবে।
এখন বাপের স্থপুত্রের মত না দেও বেলিফ্ এসে ঘাড় মট্কে নে
যাবে।

যোগেশ। যায় যাবে, এথন তুমি যাও—যাও—বেরোও বাড়ী হতে—যাও তোমার ঐ ফার্ণিচার নিয়ে, ইয়ারকি পেয়েছ? আমার ঠেঞে টাকা আদায় করবে ? যাও বেরোও।

বড়বাব্। (উঠিয়া) আচ্ছা দেখা ঘাৰে প্রস্থানী ( একটী দ্বারবানের প্রবেশ)

দ্বা। বাবু বিল হ্যায় একঠো। বোগেশ। বিল ? কিসের বিল ? ছা। বিভান কোম্পানীকা (বিল দিল)

ষো। পিয়ানো ভাড়া—ওরে বেটা নচ্ছার পাজী হারামজাদা—

ঘা। কেয়া হামকো গালি ?—( লাঠি উঠাইল )

যো। (তিন হাত সরিয়া গিয়া) দোহাই দ্বারোয়ান দাদা, মেরো না দাদা—তোমায় নয় দাদা—এই নেও তোমার বিল —ওই তোমার পিয়ানো—নিয়ে যাও। তাতেও না খুদী হও, সে গুওটার মেয়েটা আছে —নিয়ে যাও।

স্বরেশ। দাদা কি যে বলেন তার ঠিক নেই, দরের বউ নিয়ে এ সব কি বলছেন। মাও দরওয়ানজী এখন টাকা পাবে না।

ছা। সাহেব নে বোলা—কি রূপেয়া ছোড়কে না ধানা। আর রূপেয়া নেই দেগা তো বাজা লে যানা। ফিন রূপেয়া তো দেনেই পড়ে গা—নহি তো আদালতদে বেলিফ্ আয়কে লে যায়ে গা।

ষো। যায়েগা তো যায়েগা; এখন তুমি যায়েগা কি না তাই বলো বাবা ? একে তো তোমার ঐ চন্দ্রবদন তার ওপর আবার এই বিষম মুখল তোমার হাতে দেখে দেখে আমার ষে ভিরমি লাগছে চাঁদ—এখন পাতলা হও।

ছা। কেয়া? পাতলা হোগা? কেঁও ? রুপেয়া লে আও। স্থরেশ। কেঁও মেও সব ব্রুলাম দরওয়ানজী, বাজা তুমি নিয়ে যাও—টাকা সারাদিন বসে থাকলেও পাচ্চ না। সোজা কারণ এই যে টাকা নেই।

ষা। হাঁ, এ সিধা বাৎ, রূপেয়া নেই হ্যায় তো বিল পর লিথ্ দেও কব্ আনে হোগা, বস্ হামারা ছুট। যো। তাই দিচ্ছি বাবা, দিচ্ছি এখন রক্ষা করো। (লিখিয়া ঘারবানকে দিল)

দা। (লইয়া) সেলাম বাবু সাব্ (প্রস্থানোন্থোগ)

যো। যাচ্ছ কোথায় চাঁদ ? তোমার ঐ বাভ্যম্ক নিয়ে সট্কাও ও অলক্ষণে জিনিষ আর ঘরে রাথছিনে।

ছা। যোহকুম।

প্রস্থান

যোগেশ। ভাই স্থবেশ, এর একটা বিহিত করতে হ'চছে।
বেয়াড়া আইন এই ইংরেজের। এ শালাকে ফাঁকি দেবার কোন
উপায় নেই। তব্ যা আছে তা ক'রতে হ'বে। আমি কত আশা
করে আছি রমেশের বে' দিয়ে ধারধাের সব শোধ করে আবার
মান্ত্র্য হয়ে উঠবাে। পাওনাদারের কাছে যে আমার মাথার চুল
পর্য্যন্ত বাধা রয়েছে। দেদিন যে বেটারা এদে আমার মোটরখানা
নিয়ে গেল। আমি ভেবেছি যাক্ যা গেল, আর যাবে না। এখন
তো কোন শালাকে ঠেকিয়ে রাখতে পারবাে না, এবার পথে দাঁড়াতে
হ'বে। ও হো হো, এমন সর্ব্বনাশ করে গেল শালা। চল মাই
একবার এটনীর কাছে, এর একটা বিহিত করতেই হবে। যাহােক্
বেটা মোটরশানা দিয়েছে, মোটরখানা ঠিক করতে বল।

#### ( চাপরাশীর প্রবেশ )

যো। কে বাবা তুমি ? ( চাপরাশ পড়িয়া ) French Motor Car Co—কি ভোমার চাঁদ ? বিল ?

চাপ। হা হজুর লিজিয়ে।

যো। আর লিজিয়ের দরকার নেই, বুঝতে পেরেছি; টাকা পাচ্ছ নি—নেই। যাও তোমার গাড়ী নিয়ে যাও।

চাপ। গাড়ী লেনেকো হুকুম নহী-

স্থরেশ। গুর সজে কথা কয়ে আর কি করছেন ? লাগু বিল। (বিল দেখিয়া) ইস্ বেটা এক হাজার টাকা নগদ দিয়ে বাকীটা মাসে ছশো টাকায় ইন্টলমেন্ট ক'রেছে—(বিলের পূর্চ্চে লিখিতে লিখিতে) দাদা, ভাল গাড়ী দিয়েছে, দাম আট হাজার। আর তার ভেতর একহাজার টাকা সে নিজে দিয়েছে; এ আবার কি ? এযে চিঠি। ছঁ। ও দাদা এ বেবাক্ চুরী! সে হাজার টাকার চেক দিয়েছিল, সেটা dishonour হয়েছে বলে গুরা নোটিশ দিয়েছে।

যো। বেশ ক'রেছে। যাও বাবা নোটিশ নিলাম। সাহেবকে বলো গে আদালত ক'রতে। [চাপরাশীর প্রস্থান]

## ( নকড়ি কুডুর প্রবেশ )

নকজি। যোগেশ বাব্, আমার টাকা ? বে'র পরদিন দেবে ব'লেছিলে, আজ তো তিন দিন হ'তে চ'ল।

যো। (মাথা চুলকাইয়া) আজ্ঞে তা—কুণ্ডুমশায়—এই— দিছি—আপনি দলিলগুলো নিয়ে আহ্বন।

নকভি। সব এনেছি। (বলিয়া দলিল বাহির করিল)

যো। ওহে স্করেশ, ওই বেয়াই মশায়ের দরুণ দেই দশহাজার টাকার চেকথানাই এঁকে দিয়ে দাও, আপনি হাজার টাকা আমায় ফিরিয়ে দেবেন। নকড়ি । বিলক্ষণ ! হাজার টাকা কি ? স্থদ হয় নি ? আপনার দেনা যে ন' হাজার তিনশো বাইশ টাকা ত্ব' আনা।

যো। আঞ্চা যা পাওনা হয় নগদ দেবেন। দাও হে চেকথানা। স্থা (স্বগত) সর্বনাশ, দাদা দেখচি নিজের হাতে দড়ির ব্যবস্থা করছেন। যাকু, (চেকথানা দিল)

या। जा श्रम मिन के थाना ?

নকড়ি। বিলক্ষণ, চেক্ না ভাশিয়ে দলিল ফেরত দেব কি হে বাপু! চেক্থানা ক্যাশ হ'ক ভারপর—ওর নাম কি, রাধে গোবিন্দ! (প্রস্থান)

যো। বদ্প্যাজ পয়জার হুই হ'ল। আমি ভাবলাম বেটাকে চেকটা দিয়ে আপাততঃ দলিলটা আদায় করে নি, তা'হলে বাড়ীখানা অক্সত্র বন্ধক দিয়ে হাজার বিশেক টাকা এখন তুলতে পারতাম। ওকে ওর দশহাজার টাকা ফেলে দিয়ে আর দশ হাজারে উপস্থিত বিপদ থেকে উদ্ধার পেতাম। তা ও বেটা আদল স্থদখোর! থাক এবার সোজা ডোবা ছাড়া আর উপায় নেই। আরে ও ক্লপটাদ—আরে এসো ভাই এসো। শোন শোন। যাও তো হরেশ, ও বেটা হাতের গোড়ায় এসে প'ড়েছে গয়নাগুলো একবার যাচাই করে দেখি। বেটা যে ঠক্—কি দিয়েছে তার ঠিকানা কি পুনিয়ে এসো তো বেটার গয়নাগুলো।

( স্থরেশের প্রস্থান ও রপটাদের প্রবেশ)

এনো ভাই—এনো। একটা কাজ আছে ভাই। ছেলের বিয়ের গয়নাগুলো ভাই তোমাকে দেখাতে হচ্ছে বেটা ঠকাল নাকি ?

#### ( স্থরেশের গহনা লইয়া প্রবেশ )

রপটাদ। (গহনাগুলি পরীক্ষা করিতে লাগিল) এ ক'খানার সোণা ভালই আছে, ওজনেও নেহাত্ হালকা নয়—এ সোণার গয়না ক'খানা পাঁচশো টাকা হ'বে। আর এ গুলো—এ হীরের নেকলেস্—আঁ।—তাই তো, এ যে দেখহি সব কাঁচ; ব্রেসলেট— হাঁ এও—তাই। মুক্তোগুলিও দেখছি সবই ঝুটো—এ সব একেবারে ফাঁকী— এ সোণাও নয়। এর সব শুক্ক দাম একশো হয় তো— চের।

ষো ( মাথায় হাত দিয়া ) আঁটা—া—া—

স্থরেশ। যাক্ বেটা যে বেবাক্ ঠকায়নি সেই ঢের—পাচশো টাকা যে খাঁটি ভাই—বা মন্দ কি ? চোরের রাজিবাসই লাভ দাদা। রূপটাদ। তবে আসি ভাই। (প্রস্থান) যোগেশ। চল চল এটনী বাড়ী চল—ভার আগে—হ'া— গিন্দী বউটাকে নিয়ে এসে।।

# (বধুসহ বিমলার প্রবেশ)

তবে রে সম্বতানের বেটী, বেরো—হারামজাদী বাড়ী থেকে বেরো—যা তোর সেই—সেই—সেই—ওর নাম কি বাপ বেটার কাছে।—বেরো।

বিমলা। কি বলছোগো! নতুন বৌ ওকে কি বলছো?

যো। আছে রাখ তোমার বউ ? সে হারামজাদা কি করেছে
শোন—বলতো স্থারেশ।

স্থরেশ। ভদ্রলোক একেবারে ঠকান নি। গয়না দিয়েছেন প্রায় দুশো টাকা—বাদবাকী সব কাঁকী।

বিমলা। 'ওমা আমার কি হ'বে—এই আদবাব পত্ত ?

স্থারেশ। সব বাকীতে ভাড়া করেছেন, আর তার বিল পাঠিয়েছেন দাদার কাছে।

বিমলা। ও পোড়ারম্থী; এই তোর মনে ছিল? বেরো— বাঁটাথাকী—বেরো! তোমার আর মরবার জায়গা ছিল না, তাই মরতে গেছলে এই মৃথপুড়ী বাদরীর কাছে।

যো। স্থরেশ, গাড়ী তৈরী হল?

স্বেশ। আজে হঁটা।

বো ৷ এখন জিজেদ কর ওই আবাগের বেটীর কাছে ওর হাড় হাবাতে বাপই বা আছে কোথায়—আর কলকাতায় ওর কেই বা আহে যার কাছে ওকে রেখে আদা যায় ?

বিমলা। কি লো, ব**ল্না**কে আছে তোর ? কোন্ চুলোর দোরে তোকে ফেলে দিয়ে আসতে হবে ? কোথায় কোন ভাগাড় আছে বল ?

इन्ति । जामात (कर्षे (काथाल (नरे।

. ষোগেশ। বলিহারি যাই, কাণ জুড়িয়ে গেল। কেই কোথাও নেই তো—তোমার সোণার চাঁদ বাপটী এমন মাণিকছড়া কেলে উধাও হলেন কোন দিকে ?

ইন্দিরা। জানি না, তিনি কোনও জায়গায় বেশীদিন থাকেন না, অনেক জায়গায় ঘুরে ঘুরে বেড়ান এখন কোথায় গেছেন কিছু জানিনে। ৰোগেশ। কেন বৰ্মায় ?—বেথানে তোমার সেই চ্ণী পালার খনি ?

ই। সে সব মিথো কথা।

ষো। সে খাঁচ করেছিলাম। এখন বড়লোকের বেটী, যাবে কোথায় তাই ঠিক কর, এ গুহে তোমার ঠাঁই হবে না।

ই। (কাঁদিয়া) আমায় তাড়াবেন না, আমার কোথাও কেউ নেই—আমায় পথে দাঁড় করাবেন না—আমার তো কোন দোষ নেই।

যোগেশ। না-না-না মহাভারত! পগুতে চ গুণা সর্কে মৃথে দোষা হি কেবলম্। পগুতেদের স্বই গুণ কেবল দোষের মধ্যে তারা মৃথ। তোমার্ও তেমনি স্বই গুণ কেবল দোষের মধ্যে স্ব মেকী স্ব ফাঁকি। সে দোষগুণ বিচারের দরকার নেই, চট্পট্ঠিক করে ফেল কোথায় যাবে।

हेन्निया। आियायवना।

বিমলা। (ঠোনা মারিয়া) যাবেন নাট্ট, রাজার নান্দনী—ওঁর মরজী উনি যাবেন না। ঘাড় ধরে ওকে নিয়ে যাও না ঠাকুর পো, রান্তায় কোথাও বদিয়ে দাও গে। হাত পেতে ভিক্ষে মেগে খাক্ গে। যাঃ বেরো! (প্রহার)

ই। মাগো, আমায় মেরোনা।

বি। নামারবোনা, শতেক খোয়ারী হারামজাদী নচ্ছার মাগী
—বেরোনা ঘর থেকে; তবেই তো মারবোনা।

ই। আক্ষা যাক্ষি! আমার কাপড় চোপড়ের তোর

তিনটে আর গয়নাগুলো দিন।

ষোগেশ। কেন চাঁদ—কোথায় ষাবে মতলব ক'রেছ? সে সব হ'চ্ছে না। কাপড়চোপড় গয়না নিয়ে গিয়ে ঘর ভাড়া করবে মনে ভেবেছ? আমাদের নাম হাসাবে ঠাউরেছ? সে হচ্ছে না— আমি বরং সোজা নিয়ে ভোমায় মাঝ পঞ্চায় টুপ্ করে ফেলে দিয়ে আসবো।

ই। আমি স্থল বোর্ডিংএ ধাব, যেথানে আমি আগে ছিলাম দেইথানে।

যো। বছত আছে। চল।

ই। আমার জিনিষপত্তর-গ্রনা।

যো। আবার জিনিষপত্তর—দেওতো গিল্পী ওর থান ছই কাপড জামা।

স্থারেশ। না দাদা, বউমা যদি বোর্ডিংয়ে ষায় সেখানে সব মেয়েদের সঙ্গে পরামর্শ করে একটা মামলা ফেসাদ বাধিয়ে বসবে। ওর গয়না কাপত চোপত ওকে দিয়েই বিদায় কঞ্ন।

যো। তাই নাশ্চি ? আচ্ছা দাও তবে দাও সবই গাড়ীতে উঠিয়ে দাও—এই নাও তোমার গয়না। যাও গিন্নী তোরকগুলি পাঠিয়ে দাও গে!

িবিমলার প্রস্থান

ই। আমার স্বামীকে একবার দেখতে পাব না ?

ষো। মর আবাগের বেটী, বেহায়া দেখ—কোথাকার জজাত মেয়েটা এনেছিলাম গো। না গো না ওসব সোয়ামী টোয়ামী তোমার নেই ধর। ছেলেকে আমি মাস না হোতে বিয়ে দেব। তার কাছে চিঠিপন্তর লিখো না ধবরদার বলছি!
এখন চল। [বধুকে ঠেলিতে ঠেলিতে লইয়া প্রস্থানোম্পোগ]

বিমলা। ইয়া গা তুমি ষাচ্ছ কোথায় ? ঠাকুর পো ওকে রেখে আস্ত্রক, তুমি বাড়ী থাক। সেঁকরা খে আমার নতুন তাগা নিয়ে আসবে একুনি।

যো। হাঁ—তাও বটে। স্থরেশ তুমিই ওকে নিম্নে'বাও; ওকে রেথে চট্পট্ চলে আসবে, কোন কথাবার্তা কইবে না। (স্থরেশ ও বধুর প্রস্থান)। এই যে মাণিক এসো. এনেছ তাগাটা?

#### ( মাণিকের প্রবেশ )

গিন্ধী, যাও তো ভোমার দেই হারছড়াটা নিয়ে এসো মেরামত করতে দি।

[বিমলার প্রস্থান]

( মাণিকের নিকট হইতে তাগা লইয়া ) হাঁ তা বেশ হয়েছে। এখন গিন্নীর মন উঠলে হয়—আচ্চা ওজন কর দেখি।

(মাণিক ওজন করিতে লাগিল। বেগে বিমলার প্রবেশ)

বিমলা। ওগো, সর্বনাশ।

যোগেশ। আঁ্যা-কি-

বি। সিন্দুকে কিছু নেই।

যো। সেকি? কিছু নেই কি?

বি। আমার সর্বনাশ হ'য়েছে—এই দেখ তোমার গুণধর ভেলের কীণ্ডি দেখ। (একথানা কাগ্ছ দিল) যো। (পড়িল)

মা আপনার। আমার শশুরের কাছ থেকে অনেক টাকা নিয়েছেন তা' থেকে একপরদাও আমাকে দেবেন না জানি। তাই চুরী করে নিতে হল। আমি বিদেশে চল্লাম। ইতি রমেশ (যোগেশ কাঁপিতে কাঁপিতে বদিয়া পভিল)



#### প্রথম দৃশ্য।

# ভিক্টোরিয়া মেমোরিয়ালের **সমু**খ।

অন্থিকা। আবরে এই যে রমেশ, কবে এলে, কোথায় ডুব মেরেছিলে এতদিন ?

রমেশ। (চমকাইয়া উঠিয়া তার দিকে চাহিয়া রহিল।)

জ। বাংহাঁ করে চেয়ে রইলে ষে ? ব্যাপার কি ?

রমেশ। ভাবছি—

অ। হঠাৎ কি ভাবনা হল তোমার ? কি ভাবছো ?

রমেশ। ভাবছি তোমার আক্রেলখানা। আমি এত কষ্ট করে মার সিন্দুক থেকে টাকা চুরী করে সাত বছর বিলেত ঘুরে সাহেব ব'নে এলাম, আমার তুমি কি না আমায় অস্লান বদনে চিনে ফেল্লে?

আ। তাই নাকি ? বিলেত গেছলে ? আমি ভাই আজ আটে বচ্ছর দেশ ছাড়া, জানই তো দেই দিল্লীতে চাকরী নিয়ে গেছলুম, থবরাথবর কিছু জানি না।

রমেশ। জানি না ব**ছেই** হল ! আমি কি স্থড়্সড়্করে যে কোন hleak এর মত বিলেত গিয়েছিলাম যে জানবে না । আমি গয়েছিলাম একটা লাট বেলাটের মত। মাদাবধিকাল খবরের কাগজে আমার বিলেভ যাওয়া নিয়ে লেখালেখি হয়েছিল—আর বল্লেই হল জানি না It is an insult.

জ্ঞ। lam sorry. এত হয়েছিল ? কেমন কি হয়েছিল শুনি ?

রমেশ। তবে শোন। টাকাটা আমি কি রকমে সংগ্রহ করেছিলাম তা তো বলাম। আমি ততটা ভাবিনি, কিছু আমার পিতৃদেব এ নিয়ে একটা ভয়ানক হালামা বাঁধালেন—তিনি পুলিসে ধবর দিয়ে বসলেন; অমনি একদকা কথাটা কাগজে বেরিয়ে গেল। আমি থেদিন বন্ধে পৌঁছুলুম সেদিন দেখলুম আমার খ্যাতি সেখানকার কাগজে পর্যান্ত গোঁচেছে। আমার হঠাৎ একটা দারুল স্থৃত্তি এল, মনে ভাবলুম যে আমি নাম না ভাড়িয়েই passage book করেছি যখন, তখন পুলিশ গিয়ে জাহাজেই আমায় কাঁগক করে পরবে। তাই আমি তক্ষনি গিয়ে Aden পর্যান্ত যাবার একখানি ডেকের টি।কট করে জাহাজে উঠে বসলুম।

অ। ভয়ানক সাহস তো ভোমার, আমি হ'লে ভো সে জাহাজের ধার দিয়েও ভিড়ত্ম না, পরের জাহাজে বেতুম।

রমেশ। আমিও দে কথা ভেবেছিলুম; কিন্তু অতগুলো টাকা লোকসান করতে মন কেমন ক'রলো; তাই জাহান্তে উঠে বসল্ম। যা ভেবেছিলুম তাই হ'ল। পুলিদ জাহাজে এনে থেঁাজ করতে করতে একটা লোককে আমি বলে সন্দেহ ক'রে ধ'রে নিয়ে গেল। বস্ নিশ্চিন্ত হ'লাম। জাহাক্ত ছাড়বার পর আমি নিশ্চিন্ত মনে আমার কেবিন দুখল করে বসলাম। ক্যাপ্টেন ভো অবাক। কিন্তু আমি ধেন কিছু জানি না এ ভাবটা এমন চমৎকার করে অভিনয় করে গেলুম যে কেউ আর গোলমাল করতে ভরসা করলে না। আর কাহাজখানা জার্মান জাহাজ, তাদের অত মাধা ব্যথাও ছিল না। তারপর সেই ভূল লোকটাকে নিয়ে অনেক গোরগোল, আনেক কাগজে লেখালেথি হয়েছিল। শেষে বাবাকে আমার নামে নালিশ উঠিয়ে নিতে হ'ল।

জ্ব। ওঃ এই তোমার লাটবেলাটের মত যাত্রা ? তা বেশ। তা বিলাত গিয়ে হয়ে এলে কি ?

রমেশ। দেখতে পাচ্ছ না ? হয়েছি সাহেব।

আ। তা' তো হ'রেছ – আর কি হয়েছ ?

রমেশ। আর কিছু হবার স্থাবিধে হ'ল না। যে টাকা আমি গিন্দুক ভেলে পেয়েছিনুম, দেখা গেল তাতে লণ্ডনে মাসথানেক মাঝারি রকমের ফূর্ত্তি করা ছাড়া আর কোন কিছুই করা যায় না। বাবা টাকা পাঠালেন না, কো প্পানীর কাগজগুলো বিক্রী করা গেল না, তাই বছর কয়েক নানা ফিকির ফন্দী ক'রে. দেখানকার বন্ধবান্ধবদের স্বাইকে ঠকিয়ে কিছু টাকা সংগ্রহ করে ফিরে এলুম।

অ। বেশ হয়েছে, পাপের উপযুক্ত প্রায়শ্চিত্ত হয়েছে।

রমেশ। না ভাই, অক্সায় কথা বলো না। আমি যা করে-ছিলাম তাকে দেশ কাল পাত্র হিসাবে আমি পাপ বলে তথন মনে ক'রতে পারি নি। আমি সেইবার বারচারেক কেল করে সবে বি, এ পাশ করেছি তথন বাবা আমার গলায় গেঁথে দিলেন একটি বউ। আছে। সেটা এমন কিছু নৃতন বস্ত বলে মনে ক'রতে পারছি

র্মেশ । নৃতন তো নয়ই, কতকটা ভাইভেই সেটা মনে ধ'রলোনা। আমার মনে মনে অনেক Romance ছিল। সেই নেকড়ার পুঁটুলিটা দেখে সে রোমান্দের গায় ভয়ানক ধাকা লাগলো

-- তাই চটে গেকুম ।

অ। অতএব মায়ের সি<del>শূ</del>ক ভাঙ্গলে—

বনেশ। অতএব নয়। শোনই আগে। আমি দেগলুম বিষের আগরে বনে বাবা করকরে একধানা দশহাজার টাকার চেক-বাগে পুরলেন। আমি ভাবলুম ওই চেকধানা পেলে আমার মানবজন্ম সার্থক করতে পারি। কিন্তু জানতুম দে হবার নয়, ওর একপন্নসাও আমার ভোগে আসবে না—তাই, অতএব—ব্ঝলে কিনা?

জ। তা'বেশ। এখন এসে ক'রছো কি ? রমেশ। এখন ভাগাদেবীর জাস্তানা খুঁজে বেড়াছিছ।

थ। मकान किছু পেয়েছ ?

রমেশ। কিচ্ছু না। ফিরে এসে দেখতে পেলুম বাবা দেউলে হয়ে ধীরে স্কন্তে প্রাণত্যাগ করেছেন।

অ। তাই নাকি? কেন এমন হল?

রমেশ! যাতে হয়। দেদার ধার করেছিলেন, ভেবেছিলেন আমার বিয়ে দিয়ে শোধ ক'রবেন। কিন্তু আমার বন্ধের জীর চাইতে চোরা চালাক তিনি সমস্ত তারতবর্ষের জিশ কোটী লোককে ঠকিরে এসে আমার বাবার উপর এক হাত দেখিয়ে গেছেন।
চেকটা বা দিয়েছিলেন ভার টাকা পাওয়া বায় নি! কিনিষপত্তর
যা দিয়েছিলেন সে ভাড়ায়—ভাড়ার টাকা বাবার কাচ থেকে
আদায় করেছে। আর শ্বন্তর মহাশয়কে কোন দেশেই পুঁক্তে
পাওয়া যায় নি।

আ। তাই তো, ভন্নানক কথা। তোমার মা কেমন আছেন, কোথায় আছেন ?

রমেশ। মা তার ভারের কাছে গিয়ে বেশ জমিয়ে বসেছেন।
জামার মুখ দেখা বিষয়ে জাঁর একটা ভয়ানক বিজ্ঞা জন্ম গেছে।

অন। তোমার স্ত্রী ?

রমেশ। সেটা ঠিক জানবার সাবকাশ হয় নি। কেবল এইটুকু জানা গেছে যে বাবা তাঁকে রান্তায় বের করে দিয়েছিলেন। এই একটা উপকার যে তিনি করে গিয়েছেন সেইজক্ত তার কাছে আমি ক্লতক্ত।

আ। তুমি একটা Scoundrel. তোমার ছ্বংখের কথা ওনে ছ্বংখিত ছওয়া উচিত ছিল, কিন্তু পারছি না—ব্যেহেতু তুমি একটি আন্ত বাঁদর।

রমেশ। তোমার বিচারশক্তিকে নিন্দা করতে পারি না।

ছ । এখন কি করবে ঠিক করেছো ?

রমেশ। ঠিক কিছু করে উঠতে পারি নি। তবে ঠিক করবার চেষ্টায় আছি। একটু সামান্ত difficulty হয়েছে। যথন আমি বিশাত যাই তথন দেখে গেছলুম যে, যে কোনও idiot একবার লগুনের বুড়ি ছু য়ে এলেই এদেশে একটা কেন্ট বিষ্ট্ হ'য়ে বসে।
ভাই ভোবেছিলুম বিলেতে যাই—ছু দশা হ'ক না হক্ এদেশে এলে
একটা ভাল চাকরী মিলবেই। ফিরে এসে দেখি বাজার একদম্
বদলে গেছে।

অ। তা' গেছে; এখন আর বিলেত ফেরত দেখলেই লোকে হ'া করে চায় না। এখন একটু আধটু জানতে চেষ্টা ক'রে যে কি সাটি ফিকেটটা তার আছে।

রমেশ। সার্টিফিকেটে কুলোয় না দাদা। আমি বিলেত থেকে বেশ ভাল কাগজে ছাপিয়ে অনেকগুলো সার্টিফিকেট এনেছি। তারমধ্যে কয়েকথানা সেই লোকদের নিজের দেওয়া। চিটি লিথে আমেরিকা থেকে গোটা ছুই ডিপ্লোমা আনিরেছি। তা দেখিয়ে অনেকে বেশ একটু impress করেছি। কিন্তু মুদ্ধিল হচ্ছে এই—যে যারা Impressed হয় তাদের হাতে চাকরী নেই, আর যাদের হাতে চাকরী আছে তারা impressed হয় না।

আ। তা বটে, আজকাল এমনি অবস্থাই হয়ে শাড়িয়েছে। তা মাক, এখন আছে কোথায় ?

ব্যেশ। আমার official address হচ্ছে Middleton Street, দেখানে আমার লগুনের এক পুরোণো ইয়ার আছে, তার কাছে চিটিপত্র যায়। বাস্তবিক থাকি আমি খুড়োর বাসায়। কিছু বেশীদিন তিনি আমায় ঠাই দেবেন বলে' মনে হ'চেছু না।

আ। হঁ-আছে। এখন আদি ভাই। যদি সময় পাও একদিন আমার সলে দেখা ক'রো, আমাদের বাড়ী তো চেনই। আর যদি কেরাণীগিরি করতে আপস্তি না থাকে তো একবার থোঁজ করে।' আমার হাতে মাঝে মাঝে তেমন চাকরী থাকে।

রমেশ। ফোঃ—কেরাণীগিরি! তাতে ফাতও যাবে পেটও ভরবে না। তার চেয়ে যদি তুমি সত্যি আমায় help করতে চাও তো একটা কাজ করতে পার। হাজার দশেক টাকা যদি তুমি invest করতে পার তবে share marketএ আমি তোমার হয়ে থেলতে পারি। লাভ যা হবে তা' আদ্ধাঅদ্ধি ভাগ হবে। তাতে তুমি আমি ছজনেই বড়লোক হ'তে পারবেঃ। নিদেন পাঁচ হাজার হ'লেও চলে।

ষ্ম। হাঁ, তা তুমি তোমার মে পরিচয় দিলে তাতে তোমার হাতে বিশ্বেস করে টাকা দিতে ইচ্ছে করে বই কি পু কিন্তু স্কত বাডতি টাকা তো আমার নেই। আচ্ছা ভাই তবে এখন আসি।

রমেশ। দাঁড়াও রসো', একটা কাজ করতে পার ? কুড়িটা টাকা ধার দিতে পার, বড় বিপদে পড়েছি ভাই।

অ। ধার?

রমেশ। As you please, তবে ধারটাই আমার করা অভ্যাস তাই বলচি।

অ। (কুড়ি টাকা দিয়া) এই নাও। এখন আসি।

প্রিস্থান ]

রমেশ। Lovely! aint it fine? একেই বলে ভগ বানের দয়া! এখন এই বিশ টাকার ওপর দিয়ে বড়মানসী করে' আজ যদি কাজটা হাসিল ক'রতে পারি তবে আর বোধহয় ভাবতে হ'বে না। কিছু আজ না হ'লে কাল আর চলবে না। ছুঁড়ীটা এল না—এখনো এল না? একমান হ'ল খেলিয়ে বেড়াছি বাবা, কবে ডাছায় তুলবো কে জানে ? তবে মাছটা বড়; ছুঁড়ীর টাকা আছে। আর দেখতেও বেড়ে। একবার ওকে গেঁথে তুলতে পারলে পায়ের উপর পা দিয়ে ব'সে খাব। কিছু আর তো খেলান চলবে না একটু দেখি।

প্রস্থান ]

( ভরলার প্রবেশ )

গান।

ভাগা দেবীর খান্তানা সে

কোনধানে গো কোনধানে ?

কোন অমরার কোন বনে যে--

কোন সাগরের মাঝখানে ?

সোণার ভালের কাঁড়ী বেখার

होत्राव ननी शब वरव याद

মৃক্তা ফলে বনে বনে,

কোনখানে গো কোনখানে ?

মন্ত্ৰ কি ভার পূকা কেমন

কোন পুরোহিত ধেয়ান কেমন

কে আনে গো কে জানে গ

কোন রাতে বে নেচে বেড়ার

কোনধানে গো কোনধানে ?

বলতে পারে কেউ কোনখানে ? এ হ'বচ্ছর তার সন্ধান ক'রে ফিরছি। সন্ধান মিলবে কি? বল ঠাকরপ? কোন পথে না তোমায় সন্ধান ক'রেছি। লেখাপড়া ষণ্কিঞ্চিৎ ক'রেছি— ছেলেবেলায় প'ড়েছিলুম, লেখাপড়া ক'রে যেই, গাড়ী-ঘোড়া চ'ড়ে সেই—ডাহা মিথ্যে কথা—ট্রামগাড়ী বই অন্ত কোনও গাডীই সুধু লেখাপড়া ক'রে চড়া যায় না। করলুম ভো আনেক চেষ্টা। দশ ভাষগায় মাষ্টারী ক'রে অনেক কটে চুটো ক্ল-কু'ড়ো বই জুটলো না। তারপর ধার ক'রলুম। কত ফিকির করে কত জায়গায় ধার করে বেড়ালুম, আশা, যে একদিন তুমি মুখ তুলে চাইবে ? এমনি করে ক' বচ্ছর চালাবুম। ভারপর এই রূপ-এটাকে নিয়ে তো এই হ'বচ্ছর চেষ্টা চরিত্তের ত্রুটি ক'রছি নে। মুখখানা দেখে অনেকে ভোলে, ভোমরার মত ছুটে আদে, কিন্তু ট ্যাকের কড়ি ছাডবার কথা হ'লেই দেখি লম্বাদেয়। হাঁতুদশটাকাপেতে পারত্য বই কি ? কিছু এমন দামী মাল সম্ভায় ছাড়বো ? যদি ছাড়তেই হয়; চড়া দামে ছাড়বো। তাইতো সন্ধান করে' ফির্ছি এমন একটি লোকের—যার কাঁথে চডতে পারলৈ আর টাকার চিন্তা থাকবে না। এমন লোক তো আছে! ছ'চারটা যে না ভিছেছে এধারে এমন নয়, কিছ থেই ডাকায় ভোলবার চেষ্টা ক'রেছি অমনি কোনও না কোনও ফিকিরে সে ছিটকে পালিয়েছে। এমন বরাত। ভাই এ রূপের পদরা নিয়ে ভবের হাটে বেদাভির চেষ্টায় ক্ষির্ছি. कि अपन क कि कि कि का ना। अथन अहे लाक है। कि इस प्रिंथ १ লোকটার প্রসা আছে। খরচ করছে তো ছ'হাতে। আর ভা ছাড়া দেখতেও ছোঁড়া মন্দ্র ম! বলবো কি—এক এক সময় মনে হয় বে দ্র হ'ক সব টাকা-পয়সার চিস্তা; ওকে নিয়ে যে ক'রে হোক ভেসে পড়ি। কিস্তু আমার চাই টাকা, অত বেকুব হ'লে চলবে কেন? টাকার বাবস্থাটা ঠিক না ক'রে ছাড়া হ'বে না। দেখি কিছু স্থবিধা ক'রতে পারি কি না ?

( রুমেশের প্রবেশ )

রমেশ। এই যে my angel । আমি তোভাবছিদুম তুমি বুঝি এলেই না।

তরলা। না এসে উপায় আছে? তুমি আমায় কি ক'রেছ প্রিয়তম? ঘরে থাকতে যে আমার একদণ্ডও মন টেঁকে না। যতক্ষণ তোমায় না দেখতে পাই ততক্ষণ প্রাণ ছট্ ফট্ করে, ঘরে বসে' ষেন মরার মত পড়ে থাকি। কিছু কি ক'রবো বল, আমি বন্দিনী পরাধীনা। ঘরে স্বামী আছে, সে না ছাড়লে ভো আসতে পারি না। এই আজ—লে যেন আর আফিস শ্রেকতেই চায় না। অনেক ক'রে—ভোয়াজ করে' তাকে পার্টিয়েই অমনি

রমেশ। তরলা, আর কতদিন এমনি চাতকের মত আকাশের দিকে হাঁ করে বসে' থাকবো, কবে তোমার স্বামীটি দয় করে'— এক কোঁটা জল ছেড়ে দেবেন তবে পাব ? তুমি চলে এসো আমার কাছে—সামি আর তোমার ছেড়ে থাকতে পারি না।

তরল। এক কোঁটা জল বলে একে, লৈলিত ? আমি যে আমার সমস্তটা প্রাণ তোমাকে দিয়ে বসেছি প্রিয়তম। রমেশ। (খগত) কিছু unfortunately তোমার পিতৃদন্ত লক্ষ মূলার একটিও এ পর্য্যস্ত ছাড়নি। (প্রকাশ্রে) সন্ত্যি কি ? তবে কিসের জন্ম ভূমি আসছো না আমার কাছে ? আৰু আর আমি তোমায় ফিরে যেতে দেবো না। কেন যাবে ?

তরলা। আসবোই তো আমি বলেছি তোমায়! কেবল টাকাগুলো ব্যাঙ্ক থেকে তুলতে পারলেই হয়, তা, তা, স্থামী ম'শায় কেবল টাল বাহানা করে দেরী ক'রছেন।

রমেশ। ছাই—টাকা। টাকা আমি তোমায় দেব। আমার কি টাকার অভাব আছে ? তা—হ'া—কত টাকা আছে ব্যাঙ্কে তোমার ?

তরলা। সওয়ালক টাকা।

রমেশ। কার নামে আছে, তোমার নামে তো ?

তরুশা। হা।

রমেশ। টাকা তো তোমার বাপের দেওয়া, স্বামীর নয় তো ?

তরলা। হাঁ, আমার বাবাই সে টাকা দিয়েছিলেন।

রমেশ ৷ কোন ব্যাক্ষে আছে টাকাটা ?

তরলা। Imperial Bank এ!

রমেশ। তা বেশ তো চলনা দেখানে, তুমি নিজেই গিয়ে টাকাটা তুলে নেও গে।

তরলা। কিন্তু রদীদখানা যে স্বামীর কাছে আছে।

রমেশ। রসিদ-নম্বর মনে আছে ?

তরলা। **আ**ছে।

রমেশ। (স্থগত) তবে রসীদ হারিয়েছে বলে Duplicate নিলেই হবে। এখন আর হাতছাড়া করা হছে না। (প্রকাশ্রে) তবে চল আমার সঙ্গে, আজ আর ফেরা হবে না। পারি টাকা উদ্ধার ক'রবো, না পারি আমি তোমায় সে টাকা দেবো। চলে এসো।

ত। (হাসিয়া) পাগল, অত অন্তির হতে আছে। আজ থাকনা।

র। (তরলার হাত ধরিয়া) না তরলা, আর থাকবো না, চল। টাকার জক্ত ভাবছো, চল, এথুনি বাড়ী গিয়ে তোমাকে সংখ্যা লক্ষ টাকার চেক লিখে দিচ্ছি।

ত। কোথায় যাব ? ( স্থগতঃ ) মন্দ কি ? এ ঠিক দেবে, মিন্সে ম'রেছে। স্থার একটু চিল না কা'টলে চলছে না।

র। আমার বাডী চল।

ত। বড ভয় হচ্ছে আমার।

র। কোন ভয় নেই প্রিয়তমে, আমার মুখের দিকে চাও— আমায় বিশ্বাস কর।

ত। তা ছাড়া আর উপায় কি?

র। Hurrah ! চল (তরলাকে বগলদাবা করিয়া লইয়া চলিল)।

# দ্বিতীয় দৃশ্য।

### র**ন্ধি**ণীগণের গীত।

ভবের ক্ষেতে ছাই ছড়িরে ভাষছো বনে ফলবে সোণা পাপের সারে তৈরী জমীন, উঠবে সেরা পুণাদানা। আপনি হবে ঠকের সেরা, ছেলে চাও সব ব্যিতির মনের স্থাধ কুর্তি করো ছেলে হবেন ধর্মবীর! এমন ব্যাপার ধরার কভু হর নাকো ভাই হর না, ফলটা বেমন চাইবে তেমন জমীনে চাই বীক্ষবোনা।

## তৃতীয় দৃশ্য।

ডুইং রুম

#### তরলা

ত। একমাস ত গেল, এখনও লোকটাকে ঠিক চিনে উঠ্তে পারলুম না। সারাদিন যে কি ধান্ধায় ঘুরে বেড়ায়, বুঝি না। যত বড় লোক ঠাউরেছিলাম তা দেখছি নয়। থাক্ তা মল্দ কি—

যা' আছে এর—তাই বা আমি কবে কোথায় পেয়েছি। এড
দিনেতো কেবল নাকালের উপর নাকাল যাছে। বছকটে একটা
ধাত্রীগিরি করে কোনও মতে চল্ছিলই ত না, পঁচিশ টাকা মাইনার
জোরে ত পাঁচশ টাকা যো সো করে ধার করে বসেছিলাম!

তার চেয়ে এ মন্দ কি ? আয়ামে ত আছি। যে করে হ'ক থাওয়াছে ত আমায় ? নিজের মোটর না থাক ট্যাক্সি করে তো হাওয়া থাছি ? এ মন্দ কি ?—মন্দ কিছু নয়, তবে বড় আশায় ছাই পড়েছে। ভেবেছিশুম ধর্মই বথন থোয়াছিছ তথন এমন একটা বড় লোকের ঘাড়ে চাপ্বো যাতে চিরজীবন পায়ের উপর পা দিয়ে বনে থাবো। এ মিন্সেকে দেখে ঠাউরেছিলাম মস্ত বড় লোক—দেখ্ছি ঠকেছি। য়াক্ কি আর হ'বে। যে ক'দিন এমনি চলে—চশুক। বরাতে থাকে এর পরে, বড় লোক জুটেও যেতে পারে। এখন বোধ হয় মিন্সের আসবার সময় হয়েছে। যাই একট্ব সাজগোজ করে আসি।

(প্রস্থান)

## (রমেশের প্রবেশ)

রমেশ। ওঃ কি শয়তানী ! একেবারে বেবাক্ ফাঁকি।
হারামজাদীকে এই এক মাস ধরে খাওয়াচ্ছি, তোয়াজ করছি,
এই বাাক্ষের সওয়া লক্ষ টাকার আশায় ! কত ফিকির করে
চালাচ্ছি। আর—হাঁ—ওর কপাল আছে বলতে হবে। ওকে
নিয়ে বেরিয়েই রেস থেলতে গেলাম, অধিকার সেই কুড়িটি টাকা
সম্বল ক'রে—আর সেই দিনই কি পাঁচশো টাকা পেয়ে গেলাম !
তারপর এদিক সেদিক ঠকামি জোচ্চুরী করে চালাচ্ছি তো একরকম !
এ একরকম ওরই বরাতে বলতে হ'বে। তবু এমন শয়তানী !
উঃ আমার ওকে ছিঁড়ে খেতে ইচ্ছা ক'রছে। একমাস হ'ল ও
আমায় কেবলই ভাঁড়াচ্ছে— আজ নয় কাল করে ব্যাক্ষে আর বায়

না। আজ কি বৃদ্ধি হ'ল ব্যাকে খোঁজ করলুম। সাহেব জো শুনে অবাক্, ও নামে তালের কোনও customerই নেই। প্রায় তো আমাকেই জোচোর ব'লে ধরে আর কি! কোনও মতে প্রাণ নিয়ে পালিয়ে এসেছি। ওর সওয়া লাখটাকা যে আমার ডিপ্রোমাগুলোর চেয়েও ভূরো তাতে আর কোনও সন্দেহ নাই। আজ একটা এস্পার ওস্পার ক'রতে হ'বে। যদি আমার কথাই ঠিক হয় তবে আজই ওকে টুটি ধরে রাস্তায় বের করে দিতে হ'বে। হারামজাদী শয়তানী, আমি ছনিয়ার লোক বেচে থাজি, আমার উপর ঠকামি?—র'স! উভি! এখন তো ওকে বের করা চলে না, চটানও যাবে না। সেই ডে বেটা আসবে যে আজ! তরলা নইলে তো আমার তার উপর বাণিজাটা জোর ক'রে চালান যাবে না। উভি, তরলার সন্দে ভাবই ক'রতে হবে। কিন্তু আর ঢাক গুড়গুড় নয়, একেবারে সব সাদ করে নিতে হচ্ছে।

## ( ভরলার প্রবেশ )

তরলা। এই যে darling ! কতক্ষণ এসেছ তুমি ? আমায় ডাক নি ?

র। না ডাকি নি—এখন একটু বদো, তোমার সঙ্গে আমার ত একটা কথা আছে।

তরলা। কি কথা?

র। প্রথম কথা এই যে তুমি একটি আন্ত জোচোর! তরলা। What do you mean, you brute?

- র। ওস্ব রাখ, চটাচটি করে' লাভ নেই প্রিয়ে। শোন,
  আমি আজ ব্যাঙ্কে থবর নিয়ে এসেছি তোমার সেধানে একটি পয়সাও
  নেই—সওয়া লক্ষ কড়িও নেই।
- ত। নাই যদি থাকে ? আমার টাকা থাক বা না থাক তাতে তোমার কি ?
- র। আমার সামান্ত একটু আসে যায় বই কি ? আসল কথাটা হচ্ছে এই যে তুমি আমাকে বড় লোক দেখে আমার উপর বাণিজ্য করবার চেষ্টায় তুমি আমার গেঁথে তুলেছিলে—টোপ দিয়েছিলে তোমার ঐ সওয়া লক্ষ্য

ভরলা। ভোমার কি হ'য়েছে? How can you be so cruel?

র। আমি অকুণ্ঠিত চিত্তে স্বীকার করছি বে ঠকামিতে তুমি আমাকে হার মানিয়েছ। কিন্তু সঙ্গে সঙ্গে এও তোমার স্বীকার করতে হ'বে যে আমিও তোমার চেয়ে বিশেষ নীরদ নই।

তরলা। তার মানে?

র। মানে এই যে আমিও ঠিক তোমারই মত তোমাকে বড় মাসুষ ঠাউরে তোমার জন্ম টোপ ফেলেছিলুম—আমিও যেমন ঠকেছি তুমিও তেমনি ঠকেছ। তোমারও যেমন সওয়া লাখ আমারও তেমনি ধন দৌলত—সব ফক্টি! কেবল এই বৃদ্ধির জোরে এক মাস ঠাট বজায় রেখেছি, বৃশ্ধছো প্রিয়তমে ?

তরলা। ছ — কতকটা আঁচ ক'রেছিলাম দেই রকম। এখন আর ব্যতে কোনই কষ্ট হ'লে না। র। তথন স্থার একটু কট করে' বুঝতে হচ্ছে যে এখন স্থামার এই বৃদ্ধির সঙ্গে তোমার বিদ্যাবৃদ্ধির সংযোগ না ক'রলে কাল যে কি থাবে তারও কোন সংস্থান নেই।

তরলা। আঁ্যা—কি উপায় হবে ?

র। উপায় অবশ্যই হ'বে, এতদিন বিলাতে এবং ভারতে উপায় হ'ল আর আজ উপায় ফঙ্কে যাবে ? সে হবে না। উপায় আমি করেছি – কিন্ধু তোমারও যৎসামান্ত সাহায়্য করা দ্রকার।

তরলা। কি করতে হবে আমায় ? আমি কি করতে পারি ? র। নৃতন কিছু নয়, যা করেছ তাই আবার করতে হবে ! তবে সেবার নিজের বৃদ্ধিতে করেছিলে তাই ঠকেছ, এবারে জিতবে
— আমার বৃদ্ধির জোরে।

তরলা। বৃদ্ধির প্রথম নমুনা যা' তুমি দেখিয়েছ তাতে আমার বড় ভরসা হচ্ছে না। আমার কাছে তো এক হাত ঠকেছ।

র। কিন্তু ললিত গ্যাংলি কথনও একবার বই ত্বার ঠকে না। ঠকানটাই আমার বেশী রপ্ত।

তরলা। সে তো <del>ও</del>নছি! এখন একটা নমুনা ছাড়, **ষাচাই** করে' দেখি। এখন ঠাউরেছ কি গ

র। বিলেত থেকে এসে অবধি আমি নানা রকম ঠকামি করে এক রকমে চালিয়ে ষাছি। কিন্তু এত দিন চেষ্টা করেও ঠকামির কোনও স্থায়ী আধার খুঁজে পাই নি। এতদিনে একটা লোক খুঁজে পাওয়া গেছে। একে ভাল করে ধেলাতে পারলে আমরা চরজীবন পায়ের ওপর পা দিয়ে চালাতে পারবো। ( বেয়ারা একথানা কার্ড দিয়া গেল )

রমেশ। (কার্ড দেখাইয়া) এই দেখ:

তরলা। Mr. O. C. Day.—এ কে?

র। তোমার সেই ঠকিত বেকুবটি। বেটা টাকার কুমীর কিছু বৃদ্ধিতে কাতলা মাছ! বেটার ভারী দথ সাহেবী করবার। ওর জীবনের প্রধান আকাজ্জা হক্তে tip top সাহেব হবার। সে সারা ক'লকাতার সহর খুঁজে আমাকেই দেখেছে বাঙ্গালীর ভিতর একমাত্ত tip top সাহেব। আমার দ্বারাই ভার ব্রভ উদ্যাপন হবে। তাই আমি ওর বন্ধ হয়েছি।

তরলা। এবং তাকে বিধিমতে শুষছো --

র। অন্তায় বলো না প্রিয়তমে, এখন কেবল একটু আঘটু
চাটাচুটি করছি। এতদিনে কেবল Ruce এ ভর্ম্ভি ক'রেছি, এই
বারে বোধ হয় বিধিমতে শুমতে আরম্ভ করতে পারবো কিছ
ও বেটা টাকার এত বড় প্রকাশু সমুদ্র বে আমার মত অগন্তা ওকে
চট্ট করে শুষে ফেলতে পারবে না। তোমার সাহায্য দরকার।
ছজনে সমানে শুমতে থাকলে কিছু মায়েল করা যাবে।

তরলা৷ কিছু সজ্যি শাসাল তো লোকটা ?

র। হাঁগোহাঁ, আর অতি গভীর বেকুব। একে টেনে ঝাকারা বানিয়ে দিলেও টের পাবে না।

তরলা। বেশ, আস্তক, আমাদের ত্জনেরই এশক্তির পরীক্ষা হ'য়ে যাক।

## (মিঃ ডে'র প্রবেশ)

রমেশ ৷ মি: ডে, আমার wife.

( তরলা ও ডে করমর্দন করিয়া বসিলেন )

তরলা। মিষ্টার ডে, আপনার কথা আমার স্বামীর কাছে অনেক শুনেছি, আজ চোখে দেখে ধরু হ'লাম।

ডে। হে: হে: ।

তরলা। আমার স্বামী বলেন যে বিলেত না গিয়েও আপনি বেমন tip top সাহেব হ'য়েছেন এমন বিলেত ফেরতদের মধ্যে কেউ নেই!

ডে। হে: —গুকি জানেন, ও একটা বিশেষ শক্তির দরকার—বিলেত গেলেই সাহেব হওয়া যায় না —ভা' আমি বিলেত যাব মনে করেছি।

তরলা। (দীর্ঘ নিঃখাস ফেলিয়া) হাঁ আপনি যাবেন বই কি। আপনি তো আরু আমার মত নন ?

(রমেশ উঠিয়া গেল)

ডে। কেন মিদেদ গাাংলী ?

তরশা। আমাকে Mrs. Gangley বলছেন কেন? তরলা নামটা কি আপনার ভাল লাগে না?

তে। তরলা নাম ভাল নর ! বলেন কি ? তা আপনি—
তরলা। দ্রেখ Day তুমি আমার স্থামীর বন্ধু, তোমার সঙ্গে
ত আপনি টাপনি আমি চালাতে পারবো না।

ডে। হেঃ হেঃ হেং—বেশ তো আমিও তো তাই চাই। তা ওকথা বল্লে কেন তুমি তরলা ? তোমার কি বিলেত খেতে ইচ্ছা করে ?

তরলা। কার না করে ? কিছ গরীবের ইচ্ছে-

ডে। তা' তুমিও চল না আমার স**ক্ষে** ?

তরলা। নেবে তুমি আমাকে সঙ্গে ?

ডে। **আমার সে সৌভাগ্য হবে** কি ?

ভরলা। ও: You are a darling ! কবে বাবে তুমি ?

ডে। বল তো সামনের হপ্তায়ই ষাই।

ভরলা। (Day কে চট করিয়া অব্জাইয়া ধরিয়া তার গালে: মৃত্ করাঘাত করিতে করিতে) O dear, dear, dear man!

ভে। হে: হে: হে:, তুমি একটি darling!

## (রমেশের প্রবেশ)

র। Look here Day, তুমি আমার একটু উপকার করবে ভাই? আমার স্থীর শরীর ভাল নয়, ডাব্জার ব'লেছেন ওকে রোজ একটু Evening drive নিতে। আমি আৰু যেতে পারছি নে একটা জরুরি Engagement আছে। তুমি ভোমার carএ ক'রে ওকে একটু ঘুরিয়ে আনবে।

ডে। With the greatest pleasure ! হেঁ: হেঁ: । চলুন Mrs Gangley.

ভরলা। কেন darling তুমিও চল না আমাদের সঙ্গে— আমি একলা— র। তুমি একটা পাগল—Day আমার most intimate friend—তর সঙ্গে যাবে তাতে কি ? যাও।

তরলা। তা হ'লে চলুন। (স্থগত) এইবারে একেবারে সটকে প'ড়লে কেমন হয় ? এ হ'াদারামকে দেখলে স্থাকার স্থানে, নইলে টাকার দিক দিয়ে কিছু বলবার নেই।—Gangley কিছ delightful—টাকা তার থাক স্থার নাই থাক—যা'ক ভেবে দেখি।

[ডেও তরলার প্রস্থান]

র। বেড়ে জমে গিয়েছে! কিন্তু শেষটা বমালগুদ্ধ না বেহাত হয়। তাই তো, ওদের এত ভাড়াতাড়ি পাঠিয়ে ভাল করলুম না। তরলা যদি ভেটাকে হাত ক'রে সব ফ'াল করে দিয়ে সটকে' পড়ে? অস্ততঃ একটা মোটারকম চেক হাতে করে' তবে ওদের ছাড়া উচিত ছিল। নাঃ বোধ হয় গেল—হাত ছাড়া হ'ল! কি ভূল হয় আমার এক এক সময়! যাকগে!—তরলা ছুঁড়ীটা দিবিব!—আর ওর বৃদ্ধিকে respect ক'রতে ইচ্ছে হয়। ও যে আমাকৈ পওয়া লক্ষ্টাকা ক'াকি দিয়েছে ভাতেও ওর উপর রাগ ক'রতে পারছি না!—
ছঁছুঁড়ীটা গেলে মনে লাগবে একট্ট! যা'ক কি আর করা যাবে!

#### ( (मरवरखत व्यवन )

র। এই বে অরদা বাবৃ? (স্থগত) বেটা আমার বাড়ীর সন্ধান পোলে কি ক'রে? বেটাকে কাঁকি দিয়ে পাঁচ'লো টাকা মেরেছি— সেই সামাক্ত টাকার জক্ত ও আমার অমন ক'রে পিছু নিয়েছে। কি meanness দেখ দিকিনি?

- দে। এই আপনাকে ধন্তবাদ দিতে এলুম। সেই যে আপনি ব'লে মামাকে ভিথনলালের সঙ্গে কাজটা ক'রে দিয়েছিলেন—
- র। (স্বগত) বেটা মজালে দেখছি—ভিখনলালের চৌদ্দ পুরুষের কারও সঙ্গে আমার দেখাশোনা হয় নি, আমি তাদের নাম ক'রে টাকা পাঁচশো' মেরেছিলাম মাত্র! তারি জন্যে ও আমাকে বাড়ী ব'য়ে এমনি স্থপমান ক'রবে!
- দে। সে কাজটায় বেশ ছুপয়দা হ'য়েছিল, তারপর ভিথন লালের সঙ্গে কয়েকটা বড় কাজ ক'রেছি।
- র। (স্বগত) খাঁগ় বেটা কাজ বাগিয়েছে? (প্রকাঞ্চে) হাঁ তা' জানেন ভিথনলাল আমার হাতের লোক। সাহেব কোম্পানীদের সঙ্গে ওর যত কাজ সব আমিই ক'রে দেই কি না?
- দে। হাঁতা' নইলে কি আর মাড়োয়ারীর বাচ্ছা আমাকে এত টাকা ছেড়ে দেয়় তা' দেখুন, সম্প্রতি একটু গোলঘোগ হ'য়েছে।
  - র। কিরকম?
- দে: কতকগুলো হণ্ডী আমার নামে এক সঙ্গে এসে প'ড়ে আমাকে বড় বিব্ৰুত ক'রে ফেলেছে।
  - র। তাই নাকি ? কত টাকার ?
- দে বেশী নয়, হাজার বিশেক। আাম তা' সবই clear ক'রবো ক্রমে, কিন্ধ ঠিক এখন পেরে উঠছি নে।
  - র তা' বেশ তো আমি ভিথনলালকে ব'লে 🛨
  - (म। चारक ना, त्म त्वाधहम च्चित्रं ह'त्व ना। किङ्क्षिन



আগে আমি তার একটা হগুীর দরুণ পাঁচ হাজার টাকার হার্মনেটিকিক দিয়ে তাকে ব'লেছিলুম সাতদিন বাদে বাকী হাফনোট দেব—তাই নিয়ে বেটা কৌজদারী ক'রেছে শুনছি:

- ্র। তা' সে বাকী হাফনোটগুলো এখন দিয়ে দিন না, তবেই মিটে যাবে।
- দে। তাতে একটু মুস্কিল হ'য়েছে, বাকী হাফনোট, ঠিক তেমনি ক'রে আমি আর একটা মাড়োয়ারীকে দিয়েছিলুম, তুই বেটাই কেমন ক'রে জানতে পেরেছে।
  - র। তবে তো **অবস্থা সঙ্গীন দে**খছি! এখন কি ক'রবেন ?
  - দে। বিশেষ কিছুই ক'রবার নেই, এখন আপনার দয়া--
- র। আমি এতে কি ক'রতে পারি—হ'া আমার friend
  মুখাজ্জী ব্যারিষ্টারকে ব'লে—
- দে। আজ্ঞেনা তার দরকার নেই, আদালতে আমি যাচ্ছি নে। আমি স্থির ক'রেছি—পালাবো। আমার মালপত্ত সব একরকম গোছ ক'রেছি:—
  - র। তারপর?
- দে। আজ রাত্তেই বেরিয়ে পড়বো ঠাউরেছি। কি জানি ধনি এর মধ্যেই আমাকে arrest ক'রে ফেলে,তাই আপনার কাছে এলাম।
  - র। আমি কি ক'রবো বলুন ?
  - দে। আপনার কাছে এই বেলাটা একটু আশ্রয় চাই।
- র। তা' থাকতে পারেন। কিন্তু, ব্রহেন তো আমি business-man, এতে কত বড় ঝু কি আমার ?

- দে। হাঁ তা' আপনাকে কিছু দেব। ব্ঝতেই তো পারছেন আমার কি তুরবস্থা!
  - র। তা ব্বছি, কিন্তু হাজার টাকার কমে আমার পোষাবে না।
- দে। অনেক দয়া ক'রেছেন এই দয়াটুকু কর্মন। অত পারবো না, এই ১০০ টাকার চেক একথানা দিচছি। এই নিয়ে আমায় রক্ষা কর্মন।
- র। **আপনি বন্ধু লোক,**—বিপদে প'ড়েছেন—কিন্তু ব্যাক্ষে টাকা আছে তো **ঠি**ক ?
- দে। এই দেখুন না এই পাশ বই, চেক বই দেখে নিন---( পাশ বই ও চেক বই দেখাইল, তাহা পরীক্ষা করিল।)
- র। এই ত ব্যালেন্দ পাঁচশো টাকা আছে—সব টাকাটাই আমাকে দিতে হ'বে না হ'লে চলবে না—লিখুন পাঁচশো—
  - ता चा-
  - র। নইলে—বেরোন—
- দে। (স্বগত) কি করি, পাঁচশো দিয়ে এখন বিশ হাজার -রক্ষে করি, (চেক্ লিখিল)।
- দে। তা' হ'লে আমি একটু ঘুরে আসছি, এই তোরকটা আপনার এথানে রইলো। এতে মাত্র থান কতক কাপড় চোপড় আছে। আমি এই এলাম ব'লে।
- র। (মুখ বাড়াইয়া অনেকক্ষণ দেখিল) বাছাধন পাওনাদার ঠকিয়ে পালাচ্ছেন। এ তোরকটি নিশ্চয় বেশ ভারী মালে বোঝাই আছে। একবার দেখা যাক। (তোরক দেখিয়া) ভূঁ জবর তালা,

আছে। দেখি। (জোর করিয়া ভোরক খুলিল) যা ভেবেছি ভাই!
ইস্, তাড়া ভাড়া নোট! (গুনিয়া দেখিল) বিশ হাজার টাকা—
সব খুচরা। আজ বরাত অবশৃ অবলে দেখছি। ডে টাকে গাঁলা গেল,
ভার পর নগদ বিশ হাজার। মন্দ কি? (নোটগুলি বাহির করিয়া
সিদ্ধুকে বন্ধ করিল এবং তোরকটি কোনও মতে বন্ধ করিয়া রাখিল)
কিন্ধু ডে'টা যে আর ফেরে না! সটকাল নাকি? তরলা যে
ধড়িবাজ—বিবেচনা কর, আমাকে গুদ্ধ ফাঁকি দিয়েছে, ওকে নিয়ে
নিশ্চর পালিয়েছে। (ভাবিয়া) তাতে আমাকে ঠকাতে পারবে না।
আমার এই dummy revolver নিয়ে ভার মাথার উপর বাগিয়ে
ধরলেই সে হাঁদারাম লদ্বা চেক লিখে দেবে'খন। কিন্ধু তরলা হাত
ছাড়া হ'য়ে গেল! ছুঁড়ীটা বেশ ছিল! হাঁ কেমন একটু মনটা
ক'রছে তার জন্তে। যা'ক! ও কি! এই যে হাজির! বেঁচে থাক
যাত্মণি!

#### ( ডে ও তরলার প্রবেশ )

এই বে darling ! কেমন বেশ ভাল বোধ ক'রছো আজকে ?
তরলা। হঁ। আজ খুব ভাল আছি। Mr. Deyর মোটর
খানা চমৎকার ! একটু ঝাঁকানি লাগে না—বেড়িরে এলুম ঠিক ধেন
একটা angel আমায় কোলে করে' ঘুরিয়ে আনলে।

ডে। হে: হে: angel—ও: মিসেদ্ গ্যাংলি আপনিই angel, জামি তো একটা—

র। এস ডে, come and have a drink. [প্রস্থান]

তরলা। তুমি একটা idiot. আমি কি বলছিলাম তোমার কথা?

ভে। তাই তো ! বড্ড ভূল হ'মে গেছে। গ্যাংলি কি টের পেল নাকি ?

তরলা। এখনো পায় নি, কিন্তু সাবধান— [উভয়ের প্রস্থান]
(নেপথ্যে) রমেশ, রমেশ, রমেশ বাড়ী আছ ?
রমেশ বাড়ী আছ হে ?
(রমেশের প্রবেশ )

র। ( স্বগত ) জালালে। রমেশ কেরে বেটা? এখানে কোখেকে জুটলো এ হতভাগাটা, এমন সময়? কোথায় বসাই একে? রাস্তা থেকেই হাঁকিয়ে দিই গে। না কাজ নেই, বেটাকে একটু মিষ্টি কথায় তুট করে বিদায় করি। এইখানেই নিয়ে আসি, তরলা এখন ওই হোঁদলকুৎকুৎটাকে মদ খাওয়াতে ব্যান্ত আছে, এই ফাঁকে একে বিদেয় করি। এসো হে এসো অধিকা, এখানে এসো।

( অম্বিকার প্রবেশ )

অ। গরু খোঁজা করে' তোমায় বের করেছি বাবা! তুমি সেই ধে তুব সারলে আর তো তোমার দেখা নেই। কাল হঠাৎ এখান দিয়ে বাচ্ছিলুম—তোমাকে ওপরে দেখতে পেলুম। তথন বড় ব্যস্ত ছিলুম, সময়টাও অসময় তাই এলুম না। কাল দিল্লী যাচ্ছি তাই আজ এলুম। দোরে দেখলুম লেখা আছে Mr. Gangley—সেকে হে?

র। আমার বন্ধু, তার সঙ্গেই থাকি।

অ। তা, কাজ কর্মের কিছু স্থবিধা ক'রতে পারলে ?

র। হাঁ এই একরকম ক'রেছি।

অ। তা' ভাল। আমি একটা সন্ধান পেয়েছিলুম, তা যদি ভাল বোধ কর চেষ্টা করে' দেখতে পারি। একটা Native stateএর ঠাকুর বংশের একটা ছেলের গার্জিয়ান টিউটার চায়। আমার সম্বে ঠাকুর সাহেবের কিছু থাতির আছে, আমি Foreign officeএ কিছুদিন ছিলাম কি না। পাঁচশো টাকা মাইনে all found, আমার মনে হয় কাজটা তোমার পোষাবে—কারণ ঠাকুর সাহেবের এক মতলব স্বধু ছেলেকে নিধুত সাহেব করে' তোলা। আর চাকরীটা আমারই হাতে। ঠাকুর সাহেব আমাকে লিখেছেন একটি লোক একেবারে ঠিক ক'রে সঙ্কে করে' নিয়ে যেতে।

র। তা'বেশ তো। আমার ও কাজ বেশ suit করবে। Thank you for the idea.

অ। তা' হ'লে তুমি আমায় তোমার গোটাকতক certificate দিল্লীর ঠিকানায় পাঠিয়ে দিও। আমার অনেক কান্ধ, আমি এখন উঠি।

#### র। আচছা এসো।

( অম্বিকার প্রস্থান )

বাঁচালে বাবা। চাকরীটা হলে মন্দ হয় না। তা' হ'লে এ ধার্টেমো জন্মের মত ছেড়ে দি। (নেপথ্যে) অম্বিকা ! অহে রমেশ ! রমেশ ! র। (স্থগতঃ) Damn the fellow । আবার রমেশ রমেশ করে টেচাচেছ। যাই (ছুটিয়া বাহির হইয়া গেল)

#### ( তরলার প্রবেশ )

ত। রমেশ !—রমেশ কে ? (নেপথ্যের দিকে ঝুঁকিয়া দেখিল। তার পর জাকৃষ্ণিত করিয়া) এর মানে কি ? (চিছা করিতে করিতে একটা দ্রুয়ার খুলিয়া একটা album বাহির করিয়া দেখিতে লাগিল।)

#### (রমেশের প্রবেশ)

র। এই যে darling, তোমার সেই মেষ শাবকটি কই ?

ত। মেষ শাবকটি তু মাস টেনেই কাৎ হ'য়েছেন। তাকে মাথায় ভিজে তোয়ালে বেঁধে শুইয়ে রেখে এসেছি।

র। কেমন ? ঠিক মনের মতন মাতুরটি নয় ?

ভ। হাঁ, চলতে পারে। একদিনেই বেশ জমিয়ে নেওয়া গেছে। ও লোকটা কে এদেছিল ?

ভূ। ও সিমলার ইণ্ডিয়া আফিলে চাকরী করে। Stock Exchange এ ওর সঙ্গে আমার আলাপ হ'য়েছিল।

ত। (Album খানা রাখিয়া) ও:।

(নেপথ্যে ডে—তরলা! তরলা)

যাই দেখি আমার dear lamb কি চান।

ভূ। ভীষ**ণ কাও করে বদেছিল আর কি অম্বিকা।** এতদিন প্রশ্বস্থ তরলা আমার আদল নামটি জানতে পারেনি। আজ একেবারে ধরা পড়েছিলাম আর কি! (Album ধানা লইয়া দেখিতে লাগিল)
— জ্যা এ যে আমার সেই বিয়ের সময়ের ফটো—এই ভো
ইন্দিরা! কার এ এলবাম? (নাম দেখিয়া) ইন্দিরা মিজ্য—তবে
কি— ? এই তো ইন্দিরার ফটো—এ সবই তো ভারই—এই
তো—জ্যা—তরলা ভবে ?—(থোলা জ্বয়ার দেখিয়া) দোরটা বন্ধ
করে দিয়ে আসি। (হ্বয়র বন্ধ করিয়া) এই তো সব চিঠি—
ইন্দিরা মিজ। (কয়েকধানা চিঠি পড়িয়া মাথায় হাত দিয়া
বিস্ফা পড়িল) তরলা নয়—এ আমারই গেড়ার মুখী! এধন
উপায় ?—(ভাবিয়া) উপায় পলায়ন। ও টের পাবার আগেই
দিল্লী যাজা! টের পেলে তো আর মুথ দেখান যাবে না। বেঁচে
থাক আমার অধিকা!

( বান্ধ গুছাইয়া রাথিয়া সিদ্ধৃক খুলিয়া একটা attache case বোঝাই করিয়া নোট ও সাটি ফিকেট লইল )

এ দেই হতভাগা কোম্পানীর কাগজ। মার নামের কাগজ।
এটা ভালাতে না পেরেই না আমার বিপদ? দ্র কর ছাই
(কোম্পানীর কাগজগুলি ছুঁড়িয়া ফেলিল) তার পর attache
case টি হাতে লইয়া হয়ার খুলিয়া দিল এবং অন্ত ভার দিয়া প্রস্থান
করিল।)

#### ( তরলার প্রবেশ )

ভূপেশ। (album খানা তুলিয়া লইয়া রমেশের ফটো দেখিতে দেখিতে ) হাঁ এই সেই ! কি সর্কানাশ !—ওঙ্গো কি ? কোম্পানীর কাগজ ? এমন করে' কেলে গেছে? (কুড়াইয়া লইয়া) হঁ—
বিমলা মিত্র। আমার স্বাশুড়া ঠাকরুণ। এখন উপায়। ও যদি টের
পায় ভবে তো আর জ্যান্ত রাখবে না। তা' ছাড়া মুখ দেখাবই বা
কি করে ? পালাতে হয়। কোথায় যাব ? কি করবে। ? এই ডেটার
ঘাড়েই ঝুলে পড়ি।

### ( মিষ্টার ডে'র প্রবেশ )

( ডে'কে জড়াইয়া ধরিয়া ) যাচ্ছ darling ?

ছে। Yes darling! ভোমায় অমন দেখাছে কেন?

ই। তুমি কি আমায় ফেলে এখন চলে' যাবে ?

ভে। আবার আসবো তরলা—এই কাল সকালেই আসবো।

ই। এসে কি আমায় ফিরে পাবে? (রোদন)

ছে। কেন?

ই। আমার স্বামী থেমন ভাব করে' গেছে তাতে দে এদে আমায় নিশ্চয় খুন করবে।

ছে। খাঁাঃ! তাই নাকি?

তরলা। তুমি আমায় এক্সি নিয়ে চল।

তে। (ছুটিয়া পলাইতে চেষ্টা করিল, তরলা তার জামা ধরিয়া ফেলিল)

তরলা। যেও না তুমি, আমায় ফেলে ষেও না।

ডে। ছাড়, ছাড় বলছি নৈলে পুলিস ডাকবো, ছাড়।—( জোর করিয়া তরলার হাত ছাড়াইয়া ছুটিয়া পলাইল ) তরলা। কোথায় যাবে তুমি, আমি তোমার দক্ষে বাব।
( বেগে অফুসরণ করিল)

( তরলার পুন: প্রবেশ )

ত। হতভাগা এমন coward জানলে অন্ত রকম করে কথাটা পাড়তাম। হতভাগা এত মোটা, কিন্তু দৌড়ায় বিষম, পারলাম না সঙ্গ ধরতে। যাক্ এখন উপায় ? পালাতে হ'বেই—আর কালবিলম্ব চলবে না—কোখায় যাব ? (ভাবিয়া) যাই কাশী, মাসিমার বাড়ী, তার পর যা হয় হ'বে। (দেরাজ হইতে গহনার বাক্স ও কিছু কাপড় চোপড় বাহির করিয়া লইয়া প্রস্থান )

( আয়া ও খানসামার প্রবেশ )

খানসামা। কি হ'ল বল দিকিনি আয়া?

আয়া। কি আর হ'ল ? মেম নাহেব ওই মিন্সেটার সন্ধানে উধাও হ'ল। শিকল কেটে পালাল।

খান। কিন্তু সাহেবও তো পালাল দেখছি। আমাকে ব'লে গেল মেম্সাহেবকে বলতে যে পশ্চিমে যাচ্ছি—তার রক্ম দেখে বোধ হ'ল আর ফিরছে না।

আয়া। এ ত বেশ মজা, হুজনে হুজনের কাছ থেকে পালাল!
পড়ে রইল বাড়ী ঘর, আসবাব পতা! এগুলোর কি হ'বে !

ধান। তোমাতে আমাতে ভাগ হবে।

আয়া। কেন একসঙ্গে থাকলে দোষ কি?

থান। সভ্যি বলছিন ?

আহা। দোৰ কি ? খান। খরের :

(উপবেশন ও গীত)

আয়া ও খানদামার গীত

নদীৰ আগর রাজী হরেতে। হোতা ঐদাই হাল ।

হপ্পর ফুরকে সোণা বরতা; যাসমে ফলতা তাল ॥

ফকীর বাদসা বন জাতা হার আছ্যা পাতা আখ

গুণাগার বারে বেহেন্ড সড়ক্ষে খোদা বৈঠাতা ভাক।

ছুম্সে হাম্সে আমনাই হোতা যুম্ভা মুবাকো চাল

গরীব ধামামে ফলতা রোলনী ছুনিরা ব্যকা ব্যল ॥

## চতুর্থ দৃশ্য।

বঙ্গিণীগণের গীত।

দেশী কি বেলেন্ডী বঞ্চনা সেলান্ডী রক্ষমের শুধু ফের রক্ষের থারে থার বঞ্চনা থার বর রক্ষ জানে সে ঢের। কেহ নোজা চাঁটি মেরে টাকা নিরে থাওরা করে কেহ করে হের ফের, খাঁটি দেশী ভাবে চলে মারে শুধু হাতে চেলে পাঁচ সেরে এক সের; মাথার বুলোর হাত কাজে করে কুপোকাৎ হিসাবের কড়ি হের ফের; খাঁটি যে বিলান্ডী ঘটে টাকা বিনা চেক কাটে রেন্ন খেলে টাকা নারে ঢের; পথে ঘাটে ভার খেলা, ঠকামীর ভারি মেলা নারাবুক ভরা ফলভের ॥

## পঞ্চম দৃশ্য

( হাবড়া ষ্টেশনের দ্বিতীয় শ্রেণীর মেয়েদের বসিবার ধর। রমেশ উপবিষ্ট )

র। ছাই ট্রেণটা আসেও না যে। কথন কে দেখে ফেলবে তার ঠিকানা নেই। কলকাতাটা না ছাড়তে পারলে আর নোয়ান্তিনেই! বাপ! একেই বলে বরাং! আনেক বৃদ্ধি থাটিয়ে একটা পয়সাওয়ালা মেয়ে মানুষ বাগালাম। তা দাঁড়াল এই — বে প্রথম সে পয়সাওয়ালা নয়, আর দ্বিতীয়—সে আমারই স্ত্রী! এমন বরাতও মান্তবের হয়!

ষাকৃ কাগজধানা এখন পড়া যাক।
(ইন্দিরা ঘরের ভিতর আসিয়া পড়িল এবং তার পিছু পিছু

তই তিনটা তোরক ও বিছানা)

ইন্দিরা: ( দাড়াইয়া উঠিয়া) বাবা ! এমন নাকাল মান্ধবে হয়! একটা বড়লোক বাগাবার জন্ম এডদিন ধ'রে চেষ্টা করে যদিবা একটা লোক জুটলো, তা' দাড়াল এই যে লে আমারই মত ভবসুরে—আর সে আমারই সামী!

র। (কাগজের আড়াল হইতে উ'কি মারিয়া) এই রে— পেছ নিয়েছে! (কাগজ্ঞানা সম্পূর্ণরূপে মুখ ঢাকিয়া ধরিল)

ইন্দিরা। একি । মেয়েদের ঘর এটা। আপনি যান। রা ( স্থগত ) গুড়িমেরে ছিলাম এডক্ষণ, পাছে কেউ দেখতে পায়। তা' যেথানে বাঘের ভয় সেখানেই সন্ধা হয়! ইন্দিরা। যান মশায়। যান বলছি, নৈলে একুণি পুলিশ ভাকবো।

র। (খগড) মজালে দেখছি। পুলিশ ডাকলেই তো একটা কেলেন্বারী হবে। (প্রকাশ্রে) একটু বাদেই মান্ধি—দেখুন, দয়া করে একটু থাকতে দিন।

ইন্দিরা। (চমকাইয়া উঠিয়া, স্থগত) এ তো তারই গলা
দেখছি! সর্বনাশ! পেছু নিয়েছে তো! স্থাগে থেকে এসে
ব'লে র'য়েছে। নিশ্চয় খুন ক'য়বে। (ছয়ারের দিকে স্থাপর
হইল। রমেশ তড়াক করিয়া উঠিয়া তার হাত চাপিয়া ধরিল।
ইন্দিরা ভয়ে চীৎকার করিয়া উঠিল। রমেশ স্থমনি তার পায়ের
তলায় হ'াট গাড়িয়া বিদিয়া গেল।)

র । দোহাই ভোমার ঐটি ক'রোনা। আর যাই কর লোক জানাজানি করো'না।

ইন্দিরা। (পিছাইয়া গিয় স্থগত) এখন ভড়কালে চলবে না, মাথা ঠিক ক'রে কান্ধ করতে হ'বে। আচ্ছা, ও বোধহয় টের পায় নি; এখনো হন্ন তো উপায় আছে। (প্রকাশ্রে) আরে,

ললিত! তুমি, তুমি এখানে ?

র। ( কাড়াইয়া উঠিয়া স্থগত ) হুঁ এখনো টের পায় নি।
আচ্ছা তবে দেখা বাক। ( প্রকাশ্রে ) আবে, তরলা ! তুমি এখানে ?
ত। বুঝেছি, উধাও হওয়ার মতলবে পালিয়েছ। এত শয়তানি
পেটে পেটে ভোমার ! কোথায় মরতে বাচ্ছ ? কার ঘাড় মটকাবে
এবার — শুনি ?

- র। Ditto—Ditto—Ditto—Ditto. অর্থাৎ তোমাকেও আমার তাই জিল্পাস।
- ্ত। আমি ? আমায় জিজ্ঞাসা করছো ? আমি তোমারই সন্ধানে তোমার পিছু পিছু এসেছি।
- র। (স্বগত) হঁ, তাই বুঝি আমায় চিন্তে পেরে চমকে উঠেছিলে—তাইত কথাটা একটু বেফাঁস হ'য়ে গেছে। (প্রকাশ্রে) আছো সে চুলোয় যাক, তুমি—
- র। না চুলোয় ধাবে কেন স্থলরী ? চুলোটা অত সন্তা নম্ন আজকাল কাঠ কয়লার এই মাগ্রি বান্ধারে। কথাটা খোলসাই হোক না ? তুমি কি মতলবে এসেছ বলেই কেল। আর টোক টাক গুড় গুড় কেন ?
- ই। শুনবে তবে । তুমিও যে মতলবে এসেছ,আমিও ঠিক সেই মতলবে এসেছি। হোল তো । এইবার বাৎসাও দিকিনি তোমার মতলবধানা।
- র। আর বাংলাব কি ? সে তো তোমার জানাই আছে। নইলে তুমি ঠিক সেই মতলবে এলে কি ক'রে ?
- ই। (স্বগত) না, এরকম ক'রে হবে না। (স্বগ্রসর হইর। রমেশের হাত ধরিয়া প্রকাশ্রে) সন্তিয় বল তুমি আমায় ছেড়ে বাজিলে না? আমায় ভাসিরে দিরে কোথায় ধাবে? আমি কেমন করে' বাঁচবো তা' হ'লে?
- র। (হাসিয়া অগত) না, কিছু টের পায় নি তা হ'লে। উপস্থিত, ভাবটাই করে' ফেলা যাক। ও ঘুমূলে রান্তায় নেবে

গেলেই হ'বে। (প্রকাশ্রে) না, না, আরে পাগল, না। তোমায় ছেড়ে বাব? এমন রাজজোটক আর কার সঙ্গে হবে আমার বল দিকিনি?

ই। তা সত্যি, আমাদের বিষের সময় কুণ্টা বেমন মিলেছিল—

( ক্তিভ কাটিয়া থামিয়া গোল )

র। (স্বগত) ছঁ! সব জানেন দেখছি। তবে আর কেন ? (প্রকাষ্টে) আর জিভ কেটে কি হ'বে প্রিয়ে? বৃষতে পেরেছি ভূমি সব জান। এ পক্ষ তোমার আইনসক্ষত স্বামী, আর ভূমি তার আইনসক্ষত স্ত্রী! তা' ভূমি তা'হলে সেই কথাটা টের পেয়েই পালাচ্ছিলে?

हेन्स्ति। Ditto.

র। হাঁএই—কতকটা তাই বই কি ? ইন্দিরা। আবার Ditto.

( উভরে কিছুক্ষণ চুপ করিয়া রহিল )

রমেশ ৷ হ'া দেখ ইন্দিরা, কথাটা কি মিথ্যা বলছি—আমা-দের একেবারে রাজস্থোটক হ'রেছে; নয় কি ?

ইন্দিরা। তা' আর বলতে ?

রমেশ। তবে তো আর তোমার কাছে আমার লজ্জা করবার: কিছু নেই ?

ইন্দির। আমারও তোমার কাছে লজ্জা করবার কিইবা আছে ? ¢\$

র। আছে কি না আছে তা নিয়ে ঝগড়া ক'রে বিশেষ কোনও লাভ নেই।

ই। কি আর বিশেষ লাভ, কেবল ঠোকাঠুকী করা বইতো নয় ?

র। তবে কেন তুমি পালা**ছি**লে বল দিকিনি ?

ট। আমারও ditto.

র । আছো থাক। বোঝা গেল যে ভোমার পাশাবার কোনও কারণ ছিল না।

ই। তোমারও ছিল না।

त्र। ठिका

ই। তবে এখন কি করা যাবে ?

র। চল না ফিরে ঘাই, যেমন চলচিল তেমনি চলুক।

ই। কি**ন্ধ** তোমার দেই ভেঁড়াটি ?

র। হাঁতা কিছে ব'লে রাথছি, এখন কিছ তোমার ওসব চলবে না। ভূমি মখন আমার স্থী, তখন তোমার ওসক চলবে না।

ই। অবিখ্রি, কিন্ধ সংসার চলবে তো তাতে ?

র। সে চলুক না চলুক, আমার ঐ এক কথা।

ই। আমি কি তু'কথা বলছি।

র। <del>ওই ডে'টার সঙ্গে তুমি কথা কইতে পাবে না</del>

ই। সে আর তোমার কাছে ভিড্ছে না।

র। কেন ? কি হ'য়েছে ?

ই। সে ভয়ানক ভয় পেয়ে গেছে। আমি ব**রু**ম মে তুমি হয়তো আমাকে খুন করবে; এই কথা শুনেই সে হতভাগা চোঁ-চাঁ দিলে; বেশ বোঝা গেল যে তার ফেরবার মতলব নেই।

র। বৃদ্ধিমানের কাঞ্জ ক'রেছে সে, কেন না এখন তার সঙ্গে দেখা হ'লে আমার তাকে খুন করা ছাড়া উপায় ছিল না।

ই। কেন ? তুমি নিঞ্ছেই তো তাকে ডেকে এনেছিলে।

র। এনেছিশাম, বেশ ক'রেছিলাম, এখন খুন করবো বেশ করবো। আমার স্ত্রীর সঙ্গে ইয়ারকী ক'রে সে জ্যান্ত ফিরে যাবে!

ই। তা বটেই তো! তবে কিনা, তরদা রায়ের স্বামিটি যদি হঠাৎ সভিত্য হ'য়ে তোমার সঙ্গে সেই যুক্তি প্রয়োগ ক'রতেন তবে বোধহয় সেটা ঠিক এতটা মনোরম হ'ত না।

র। যা'ক ওপব তোমরা বুঝবে না, স্তাবৃদ্ধি তো! হাঁ, তা' এখন কি করা যাবে ?

ই। চল ফিরেই যাই।

র। একটু সামান্য অস্কবিধা বোধ ক'রছি। কাল বোধ হ'ছে বাড়ীওয়ালা ভাড়ার তাগাদায় আসবে, আর ফার্দিচারওয়ালাও ভাড়ার জন্য আসবে। সম্প্রতি আমার এই দিল্লীর টিকিটখানা ছাড়া অন্য সম্বন নেই। তারা হয়তো এখানা উচিত মূল্যে নাও নিতে পারে।

ই ৷ আর একটু সামান্ত অস্থবিধা থাওয়া দাওয়ার—

র। সব দিক দিয়ে দেখতে গেলে দিল্লী যাওয়াই বোধহয় স্থাবিধা।

- ই : সেধানে গিয়ে থাবে কি ? ভেজা বোধহয় দিল্লীর চেয়ে এথানে সন্তা ?
- র। তেমন বোধ হ'ছে না। উপস্থিত সে অঞ্চলে একটা মোটা গোছের ভেড়া পাওয়া গেছে, সে আমাকে ৫০০ টাকা all found দিয়ে চাকরী দিছে।
  - ই৷ তোমকে চাকরী!
- র। কেন প্রিয়ে আমি কি একটা যে দে? আমি International Academy of Business Managers এর কাই ক্লাস Diploma holder, International Association of Journalism এব—
- ই। আর আমার কাছেও সব কেন? যা'ক তা' পাঁচশো টাকার কুলোবে তোমার ?
- ভূ। All found—যা চাইবো তাই পাব। ঠাকুর সাহেবের ভাণ্ডার জ্ঞামার কাছে খোলা—লুটে নিলেই হ'ল।
- ই। বেশ তা' চল। যে কয় দিন থাকা যায় মন্দ কি ? আমি যা'র কল্পা তিনি এই ভাবেই দিন গুজরান ক'রছেন—যোগ্য সামী আমার পরের মাথায়ই চিরদিন কাঁটাল ভাঙ্গচেন—আমি পিতার যোগ্য সস্তান, স্থামীর সহধর্মিনী, আমি কোন পেছপা' হব।
- র। কিন্ত একটা কথা প্রিয়ে! আমায় তুমি রেমন ক'রে গেঁথেছিলে এমন ক'রে আর ক'টিকে পূর্বের জ্টিয়েছিলে বল দিকিনি?

- ই। তোমাকে বোধ হয় এ কথা ভিজ্ঞেস করা নিস্পায়োজন।
- র। সে কথা নাই জিজেন ক'রনে—জ্বান তো পুরুষ মাত্র্য, আমাদের কিছুতেই দোষ নেই। তা' ছাড়া তোমার কাছে তো আমি জ্যান্ত দেবতা।
  - ই। আমরাও তো দেবী-বটে !
- র। সেটা অঞ্চের কাছে, স্বামীর কাছে তোমরা স্থী মাত্র— স্বতরাংক
- ই। যাক গে তর্ক ক'রে লাভ নেই। আসল কথাটা হ'ছে এই যে বছর তুই হ'ল আমি নানা রকম চেষ্টাই ক'রেছিলাম, কিন্ত তোমার পুর্বেধ কাউকে গেঁথে তুলতে পারি নি।
- র। যা'ক একটা ছুর্ভাবনা গেল। তা' হ'লে দয়া ক'রে আমি তোমাকে গ্রহণ ক'রলাম। আচ্ছা তা' হ'লে টাকা দেও দিকিন, তোমার একধানা টিকিট কিনে আনি, ট্রেণের আর বেশী কেরী নেই।
  - ই। আপোড়া কপাল! আমি টাকা পাব কোথায়?
- র। বুঝেছি, আমার বুদ্ধির উপর তোমার শ্রদ্ধা আছে। আচ ক'রেছ যে আমি তোমার টাকা ক'টি নিয়ে উধাও হ'ব।
- ই। তা' নর প্রিয়তম, তোমার বৃদ্ধির একটু পরীক্ষা ক'রছি। শৃষ্ম হাতে কেমন ক'রে দিলী যাওয়া যার সেইটা প্রমাণ ক'রতে হবে তোমার।
- র। বেশ তাই দেখা যাক। কেনের এখনো ঘণ্টা খানেক দেরী আছে। এর ভিতর এ টাকা কটা যদি রোজগার না ক'রতে

পারি তবে আর আমি বাহাছর কিসে । আমি যাছিছ। কিছ প্রিয়ত্যে আর উধাও হ'বার চেষ্টা ক'রো না। আমি এই প্ল্যাটকরমেই থাকবো আর আমার চোধ ছটো থাকবে এই Waiting Roomএর দিকে স্থতরাং চেষ্টা ক'রলেও পালাতে পারবে না বলে বাথচি।

ই। আছে।গো আছে।। আমি পালাব না। (রমেশের প্রস্থান)

## পট পরিবর্ত্তন

# ষ্টেশনের প্লাটফরম।

রমেশ। দূর কর ছাই, কি আর করবো? গাঁটের পয়সা ভেজেই টিকিট করি।

### (দেবেন্দ্রের প্রবেশ)

দেবেক্স: এই যে শয়তান! বের কর আমার টাকা। নইলে পুলিশ ডাকবো।

র। ভাক বাবা! ভিকনলালের আদামীটিকে ধরিরে আর্ি বিনা পরিশ্রমে কিছু রোজগার করে নেব।

দেবেজ্র। দোহাই মিঃ গ্যাংলী, আমাকে ধনে প্রা

মারবেন না। সব গেছে আমার, শেষ বরসের সম্বন্ধুকু নেবেন না। নেহাৎ না ছাড়েন, আসুন অন্ধা অন্ধি বধরা।

র। কেন করবো তা বলুন ? যেখানে ওই লালপাগড়ী ওয়ালাকে ডেকে একটা কথা বললে আমার দশ হাজার টাকা হাতে থাকে দেখানে তা' ছেড়ে দেব—এত বড় বেকুব আমাকে ঠাওরালেন আপনি—এতদিনে ?

দে। দোহাই গ্যাংলী সাহেব! এতদিনকার বন্ধুত্বের খাতিরে অস্ততঃ আমায় দশ হাজার টাকা দিন!

त। वकुष्ठी किरमत हाँ म ?

(म। ना रुয় तृ(ড়ा माञ्च, ना (थरয় मात्रा याव आमात श्वीतक निरয় পথে বসবো—সেই ড়য় मয় क'বয় मिन!

র। দয়া এ পর্যান্ত কাউকে করিনি বন্ধু! টাকা জিনিষটার দাম চেনবার স্বযোগ আমার হ'য়েছে কিঞ্চিৎ!

(দেবেজ কিছুক্ষণ শুক হইয়া শেষে ক্ষিপ্তের মত রমেশের attache caseএর উপর ঝাঁপাইয়া পড়িল। রমেশ ভাকে জোরে ধাকা দিয়া ফোলয়া দিল)

দে। (চীৎকার করিয়া) টাকা দেবে না আমার ?

র। কিনের টাকা? কে আপনি? (মৃহস্বরে) চেঁচিয়ে কেন মরণ ডেকে আনছো চাঁদ?

( ইন্দিরার প্রবেশ )

ই। এতক্ষণ তুমি কি ক'রছো? আমি ভাবলাম বৃঝি পালালে। একি---বাবা? (म। जा! (थॅमी?

র। সেকি! ইনি-

ই। হঁয় আমার বাবা।

দে। কিছ এ কে । গ্যাংলি কে ?

ই। আপনারই উপযুক্ত জামাই— বাবা।

র । পায়ের ধ্লো দিন শশুর ম'শায়—আপনাকে ঠফাতে পেরেছি এ আমার পরম সৌভাগা ! আর এমন জামাই লাভ ক'রতে পেরেছেন ভাতে আপনারও গৌরব বোধ করা উচিত।

- (म। किছ—किছ, (मांशह वावा आगाय किছ (में)!
- র। দেবার জো' নেই—আমি আপনারই—জামাই!
- দে। ইশ্পুমা,—নিদেন রেল ভাড়াটা দে আমার, ক'লকাতা থেকে পালাই।
- র। অনেক দিন পালিয়ে বেড়িয়েছেন, এখন দিন কয়েক সরকারী মুসাফির খানায় বিশ্রামই করুন না ?
  - ই। ব্যাপার কি १
- দে। আমি আজ এর কাছে একটা তোরদ্বর ক'রে বিশ হাজার টাকা রেখে এসেছিলাম। ও তা ানয়ে পালিয়েছে—আমার বড় কষ্টের টাকা মা, বেবাক ঠকিয়াছে।
  - র। ক্ষের নয় বাবা, জোচ্চারীর ববুন।
- দে। দে মা, কিছু কো। নইলে তোর বাপ মা বুড়ো বয়ত পথে বসবে যে মা।



কের মেলা

ই। সে আর বেশী কথা কি বাবা । এতদিন বে আমিও পথেই ব'দেছিলাম। পথ জারগাটা নেহাৎ মৰু নয়

র। ও শব বলে কোনও লাভ নেই খণ্ডর ম'শাই, দেখতেই তো পাচ্ছেন আমি আপনার চেয়ে সরেশ—আপনার মেয়ে আবার আমার ওপর এক কাঠি। উনি আমাকেও ঠকিয়েছেন। ও'র হাত দিয়ে টাকা গলাবার চেষ্টা মিছে, বরং হাত কভির ভিতর দিয়ে হাত গলিয়ে বের হ'বার উপায়টা তাড়াতাড়ি করুন, আপনার টেণের বেশী দেরী নেই। এই পাঁচটি টাকা নিয়ে যা পারেন করুন। (টাকা দিল)

দেবেক্স। হা অদৃষ্ট, সারাজীবন লোক ঠকিয়ে এসে শেষে মেয়ে জামাইয়ের হাতে মারা পড়সুম! সাধে কি বলে ষম জামাই ভাগনে কথনও আপন হয় না! যাক।

( প্ৰস্থান )

ই : হাঁ তা তুমি যে বড় নাতোয়ান শাজছিলে, আমার কাছে—বল্লে কিছু নেই ?

র। সে আর ব্রতে পারলে না। এর সোজা কারণ হ'চ্ছে বে তোমার বৃদ্ধির আমি প্রশংসা করি — স্থতরাং তোমাকে বিশ্বাস ক'রতে পারিনি।

ই। তা যাক।

র থাকা

ই। আমিও বলি যাক্। এখন একটু নতুন কিছু করা য়াক্

- র। কিন্তুন গ
- ই। এতদিন তো লোক ঠকিয়েই বেডান গেল-
- র। তাকতকটা সভ্যি।
- ই। এখন ন্তনত্বের থাতিরেও একবার ভাল মান্ত্ব হ'য়ে দেখলে কেমন হয়।
  - র। মন্দ নয়, দেটা একট Exciting হওয়া সম্ভব।
  - ই। তবে তাই শ্বির।
- র। কিন্তু একটু অস্থবিধা নেই কি তাতে ? ধর্মের শঙ্গে আপোষ করিতে গেলে অধর্ম ক'রে যা পাওয়া গেছে সেটা ফিরিমে দিতে হয়।
- ই। সে বিশেষ কিছু শক্ত নয়। ঠকামি করে মোটের মাথায় তোমার লাভের অক্টে পড়েছে কেবল ছটি জিনিষ—ছটি বড় জিনিষ তুমি পেয়েছ। এক আমি, আর এক এই বিশ হাজার টাকা। দেখা যাজে যে এ ছটিই তোমার ভাষা পাওনা। হাজার বিশেক তো বাবার তোমাকে দেবারই কথা ছিল।
  - त। তা' वर्षे । একেই বলে, ধর্মের কল বাতাদে নড়ে।
- ই। স্থতরাং আমাদের ভাল মাস্থ হ'তে বিশেষ কোনও বাধা নেই।
- র। না উপস্থিত কোনও বাধাই নেই। বিশেষ কোনও নৃতন্ ঠকামি বুদ্ধি এখন মাথায় খেলছে না। অভএব ভোমার প্রামর্শ ই ঠিক।

#### র্দ্ধিণীগণের গীত।

কাঠে কাঠে লাগলে ঠোকা কে জেতে কে বলতে পারে।
চোরের উপর বাটপাড়ী বে, চলছে হেথার চারি ধারে।
ঠক জুরাচোর চোর ডাকাতে চলছে সদাই কারসাভী
একদিন বে জেতে সে বে, পরনিন খার ডিগবাঞী
শেষ দিনেতে কিন্তু কভু ঠক জুরাচোর জেতে নারে
এই কথাটাই আসল খাটা ধর্মের কল হাওরায় নড়ে
ঠকারীতে ঠকাই হারে হেথা কিহা পরপারে।

# ম্বনিকা।



# গ্রন্থকারের অন্তান্য বই

5.1	শান্তি	•••	***	\$ # o
<b>₹</b> 1	বিপর্যায়		• • •	÷    0
91	অগ্নিসংস্কার	***		5110
8 i	দ্বিতীয় পক্ষ	•••		1 0
-01	রক্তের ঋণ	***	***	11 •
31	আনন্দ মন্দির		***	ll a
91	গ্রামের কণা	•••	*** ,	<b>ર</b> ્